	একটি বুড়িতে ২০ টি পেয়ারা আছে। প্রত্যেককে ৪টি করে পেয়ারা দিলে কত জনের মধ্যে ওই পেয়ারা বিতরণ করা যাবে?	খাতায় বা স্লেটে করো	
	একটি বাটিতে ১২ টি লজেন্স আছে। প্রত্যেককে ২ টি করে লজেন্স দিলে কতজনকে ওই লজেন্স দেওয়া যাবে?	খাতায় বা স্লেটে করো	
	একটি পাত্রে ২১ টি ডিম আছে। প্রতিটি ঠোঙায় ৭টি করে ডিম রাখতে ক-টি ঠোঙা লাগবে?	খাতায় বা স্লেটে করো	

নবম পাঠ একক

দ্বিতীয় উপ-একক : গুণ ও ভাগের সম্পর্ক

এই উপ-এককে আমরা গুণ ও ভাগের মধ্যে সম্পর্ক এবং গুণের নামতার সাহায্যে ভাগ করা নিয়ে আলোচনা করব। নীচের বাঁদিকের ও ডানদিকের ছবিগুলি দেখো। গুণ ও ভাগের প্রাথমিক ধারণা নিয়ে আলোচনার সময় তোমরা এই ধরনের ঘটনা দেখেছ।

বাঁদিকের ছবি		ডানদিকের ছবি	
	ঝুড়িতে ১২টি কমলালেবু আছে।		ঝুড়িতে কিছুই নেই।
	ঝুড়ি থেকে প্রথমবার ৪টি কমলালেবু তুলে নেওয়ার পর, ঝুড়িতে $12 - 8 = 4$ টি কমলালেবু রইল।		ঝুড়িতে ৪টি কমলালেবু রাখা হল।
	দ্বিতীয়বার ঝুড়ি থেকে ৪টি কমলালেবু তুলে নেওয়ার পর, ঝুড়িতে $4 - 4 = 0$ টি কমলালেবু রইল।		আবার ঝুড়িতে ৪টি কমলালেবু রাখা হল। এখন ঝুড়িতে মোট কমলালেবুর সংখ্যা হল, $4 + 4 = 8$ টি।
	তৃতীয়বার ঝুড়ি থেকে ৪টি কমলালেবু তুলে নেওয়ার পর ঝুড়িতে $8 - 8 = 0$ টি কমলালেবু রইল, অর্থাৎ ঝুড়িতে আর কোনো কমলালেবু রইল না।		ঝুড়িতে আবার ৪টি কমলালেবু রাখা হল। এখন ঝুড়িতে মোট কমলালেবুর সংখ্যা হল $8 + 4 = 12$ টি।

আগের পাতায় বাঁদিকের ছবির ঘটনাগুলি থেকে দেখা যাচ্ছে, ১২টি কমলালেবু থেকে প্রত্যেকবার ডানদিকের ঝুড়িতে ৪টি করে কমলালেবু রাখতে গিয়ে ১২ থেকে ধাপে ধাপে ৪-কে ৩ বার বিয়োগ করা গেছে।

$$\begin{array}{r} 12 \\ - 8 \\ \hline 4 \\ - 8 \\ \hline 8 \\ - 8 \\ \hline 0 \end{array}$$

সুতরাং, $12 \div 8 = 3$



আগের পাতায় ডানদিকের চিত্রের ঘটনাগুলি থেকে দেখা যাচ্ছে, প্রতিবারে ৪টি করে কমলালেবু এনে ৩ বারে মোট ১২ টি কমলালেবু ঝুড়িতে রাখা হয়েছে।



অর্থাৎ,
SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

$$\begin{array}{r} 8 \\ + 8 \\ + 8 \\ \hline 12 \end{array}$$

সুতরাং, $8 \times 3 = 12$

উপরের আলোচনা থেকে দেখা যাচ্ছে, $12 \div 8 =$ কত, তা জানবার জন্য ১২ থেকে ধাপে ধাপে ৪-কে কতবার বিয়োগ করা যায় অথবা ৪-কে কতবার নিয়ে যোগ করলে ১২ পাওয়া যায় বা $8 \times$ কত = ১২ হয়, তা জানবার চেষ্টা করা হচ্ছে।

এখন নামতার সাহায্যে তোমরা জানো $8 \times 3 = 12$, অতএব $12 \div 8 = 3$

আবার $12 \div 8 = 3$ থেকে বলা যায় ১২ থেকে ধাপে ধাপে ৪-কে ৩ বার বিয়োগ করা সম্ভব বা ৪-কে ৩ বার নিয়ে যোগ করলে ১২ হয়। অতএব $8 \times 3 = 12$

উদাহরণ ১। $20 \div 5 =$ কত?

নামতার সাহায্যে বলা যায় $5 \times 8 = 20$

অতএব $20 \div 5 = 8$

উদাহরণ ২। $৬ \div ৬ =$ কত?

নামতার সাহায্যে বলা যায়, $৬ \times ১ = ৬$

অতএব, $৬ \div ৬ = ১$

এখন গুণ ও ভাগের সম্পর্ক নিয়ে কিছু আলোচনা করা যাক। উদাহরণ ১-এ দেখেছি, যেহেতু $৫ \times ৪ = ২০$ অতএব $২০ \div ৫ = ৪$ । তোমরা জানো $৫ \times ৪ = ৪ \times ৫ = ২০$

অতএব লেখা যায় $২০ \div ৪ = ৫$ কারণ $৫ \times ৪ = ২০$

সুতরাং, $৫ \times ৪ = ২০$ থেকে আমরা পাই,

$২০ \div ৫ = ৪$ এবং $২০ \div ৪ = ৫$

উদাহরণ ৩। $৩ \times ৬ = ১৮$

অতএব, $১৮ \div ৬ = ৩$

এবং $১৮ \div ৩ = ৬$

উপরের আলোচনা থেকে দেখা যায়, ‘গুণ ও ভাগ পরস্পর সম্পর্কযুক্ত প্রক্রিয়া’।

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : আমরা দেখেছি, ‘গুণ প্রক্রিয়া’ হল একই সংখ্যাকে বারবার নিয়ে যোগ।
অপরপক্ষে ‘ভাগ প্রক্রিয়া’ হচ্ছে, একই সংখ্যাকে কোনো একটি সংখ্যা থেকে ধাপে ধাপে বিয়োগ। তাই
বলা হয়, গুণ ও ভাগ পরস্পর বিপরীত প্রক্রিয়া।

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL
অনুশীলনী

১। সঠিক সংখ্যা বসিয়ে ফাঁকা ঘর পূরণ করো। একটি করে দেওয়া হল।

(ক) $৬ \div ২ =$ কারণ, $২ \times$ $= ৬$

(খ) $১২ \div ৩ =$ কারণ, $৩ \times$ $= ১২$

(গ) $৫ \div ৫ =$ কারণ, $৫ \times$ $= ৫$

(ঘ) $১৬ \div ৪ =$ কারণ, $৪ \times$ $= ১৬$

(ঙ) $৬৩ \div ৯ =$ কারণ, $৯ \times$ $= ৬৩$

(চ) $৬৩ \div ৭ =$ কারণ, $৭ \times$ $= ৬৩$

২। সঠিক সংখ্যা বসিয়ে ফাঁকা ঘর পূরণ করো।

(ক) $৫ \times ৪ = ২০$, তাই $২০ \div$ $= ৪$

(খ) $৪ \times ৫ = ২০$, তাই $২০ \div$ $= ৫$

(গ) $৯ \times ৯ = ৮১$, তাই $৮১ \div$ $= ৯$

(ঘ) $৯ \times ৬ = ৫৪$, তাই $৫৪ \div$ $= ৬$

৩। গুণের নামতার সাহায্যে ভাগ করো।

(ক) $১৮ \div ৩ =$ কত? (খ) $৩৬ \div ৬ =$ কত? (গ) $৭ \div ৭ =$ কত?

(ঘ) $৪০ \div ১০ =$ কত? (ঙ) $৭২ \div ৯ =$ কত? (চ) $১৫ \div ৫ =$ কত?

৪। ছবিতে দেখো, কথায় লেখা অঙ্কটি পড়ো ও নির্দেশ অনুযায়ী সমাধান করো। একটি করে দেওয়া হল।

ছবিতে	ভাষায়	গণিতের ভাষায় প্রকাশ করে গুণের নামতার সাহায্যে সমাধান
	<p>একটি বাটিতে ২৮টি কুল আছে। তোমার ৪ বন্ধুকে সমানভাগে ভাগ করে দিলে প্রত্যেকে ক-টি করে কুল পাবে?</p>	<p>গণিতের ভাষায়, $২৮ \div ৪ =$ কত? ৪-এর নামতায় পাই, $৪ \times ৭ = ২৮$ তাই, $২৮ \div ৪ = ৭$ উঃ ৭ টি করে কুল পাবে।</p>
	<p>৩০টি জাতীয় পতাকা ৬টি বিদ্যালয়ের মধ্যে সমানভাগে বিতরণ করলে, প্রতিটি বিদ্যালয় ক-টি করে জাতীয় পতাকা পাবে?</p>	<p>গণিতের ভাষায়, উঃ</p>
	<p>একটি জারে ৩৫ টি লজেন্স আছে। ৫ জন ছেলের মধ্যে সমানভাগে ভাগ করে দিলে, প্রত্যেকে ক-টি করে লজেন্স পাবে?</p>	<p>গণিতের ভাষায়, উঃ</p>
	<p>একটি আলমারিতে ৩০টি বই ৩টি তাকে সমানভাগে রাখা হল। প্রত্যেক তাকে ক-টি করে বই আছে?</p>	<p>গণিতের ভাষায়, উঃ</p>
	<p>ফুলের সাজিতে মোট ৬৩টি ফুল আছে। প্রত্যেকটি মালায় ৯ টি করে ফুল থাকলে ওই ফুল দিয়ে ক-টি মালা গাঁথা যাবে?</p>	<p>গণিতের ভাষায়, উঃ</p>

নবম পাঠ একক

তৃতীয় উপ-একক : এক ও দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ

এই উপ-এককে ভাগ করার পদ্ধতি নিয়ে আলোচনা করব।

উদাহরণ ১। $৮ \div ২ =$ কত?

যে সংখ্যাকে ভাগ করব তাকে স্থানীয়মানে লিখে নীচের ছবির মতো দাগ দিয়ে যে সংখ্যা দিয়ে ভাগ করব তাকে বাঁদিকে লিখব।

$$\begin{array}{r} \text{এ} \\ ২ \overline{) ৮} \end{array}$$

২-এর গুণের নামতায় পাই, $২ \times ৪ = ৮$, তাই $৮ \div ২ = ৪$
এবার লিখব,

$$\begin{array}{r} ৪ \\ ২ \overline{) ৮} \\ \underline{- ৮} \\ ০ \end{array}$$



SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL



যে সংখ্যাকে ভাগ করা হল তাকে 'ভাজ্য' বলা হয়।
যে সংখ্যা দিয়ে ভাগ করা হল তাকে 'ভাজক' বলা হয়।
দাগের উপরে যে সংখ্যা লেখা হল, তাকে 'ভাগফল' বলা হয়।

উপরের উদাহরণে ৮ ভাজ্য, ২ ভাজক এবং ৪ ভাগফল।

উদাহরণ ২। $৬ \div ৩ =$ কত? ভাজ্য, ভাজক এবং ভাগফল লেখো।

$$\begin{array}{r} ২ \\ ৩ \overline{) ৬} \\ \underline{- ৬} \\ ০ \end{array}$$

[কারণ, ৩-এর নামতার সাহায্যে $৩ \times ২ = ৬$]

উত্তরঃ ২; ভাজ্য ৬, ভাজক ৩ এবং ভাগফল ২।

উদাহরণ ৩। $১৮ \div ৬ =$ কত? ভাজ্য, ভাজক এবং ভাগফল লেখো।

$$\begin{array}{r} ৩ \\ ৬ \overline{) ১৮} \\ \underline{১৮} \\ ০ \end{array}$$

[৬-এর নামতার সাহায্যে, $৬ \times ৩ = ১৮$]

উত্তর : ৩; ভাজ্য ১৮, ভাজক ৬ এবং ভাগফল ৩।

উদাহরণ ৩। $৮০ \div ৮ =$ কত? ভাজ্য, ভাজক এবং ভাগফল লেখো।

$$\begin{array}{r} ১০ \\ ৮ \overline{) ৮০} \\ \underline{৮০} \\ ০ \end{array}$$

[৮-এর নামতার সাহায্যে, $৮ \times ১০ = ৮০$]



মত্মদেব জয়ন্তে

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

উত্তর : ১০; ভাজ্য ৮০, ভাজক ৮ এবং ভাগফল ১০।



অনুশীলনী

১। স্থানীয়মান অনুসারে লিখে ভাগ করো। ভাজ্য, ভাজক এবং ভাগফল লেখো।

(ক) $৩৫ \div ৫ =$ কত? (খ) $৭০ \div ৭ =$ কত?

(গ) $৮১ \div ৯ =$ কত? (ঘ) $৫৬ \div ৮ =$ কত?

২। খাতায় বা স্লেটে লিখে ভাগফল বের করো।

(ক) $১৪ \div ২$ (খ) $৪৫ \div ৫$ (গ) $৬৪ \div ৮$

(ঘ) $২৮ \div ৪$ (ঙ) $৬৩ \div ৭$ (চ) $৯০ \div ৯$

৩। নীচের সমস্যাগুলি গণিতের ভাষায় প্রকাশ করে সমাধান করো। একটি করে দেওয়া হল।

(ক)

১৮টি কালোজাম ৩ জনের মধ্যে
সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে
ক-টি করে কালোজাম পাবে?



গণিতের ভাষায় সমস্যাটি হল $১৮ \div ৩ =$ কত?

$$\begin{array}{r} ৬ \\ ৩ \overline{) ১৮} \\ \underline{- ১৮} \\ ০ \end{array}$$

অতএব, ভাগফল ৬

উত্তর : প্রত্যেকে ৬টি করে কালোজাম পাবে।

(খ)

৩৬টি বই থেকে প্রত্যেককে ৬টি করে
বই দিলে, কত জনকে ওই বই দেওয়া যাবে?

(গ)

তোমার কাছে ৪৮টি বিস্কুট আছে। তুমি ৮ জন
বন্ধুর মধ্যে সমানভাবে ভাগ করে দিলে,
প্রত্যেক বন্ধু ক-টি করে বিস্কুট পাবে?

(ঘ)

৬৩টি কলা থেকে প্রত্যেককে ৭টি
করে কলা দিলে, কত জনের মধ্যে তা
বিতরণ করতে পারবে?

নবম পাঠ একক

চতুর্থ উপ-একক : ভাগশেষের ধারণা

তোমরা আগের উপ-এককে ভাজ্য, ভাজক ও ভাগফল কাকে বলে জেনেছ। এই উপ-এককে 'ভাগশেষ' কী তা জানবে।

উদাহরণ ১। তোমার কাছে ১৪ টি কাগজের ছোটো ছোটো পতাকা আছে। তুমি ৪ টি করে পতাকা প্রত্যেক বন্ধুকে দিতে চাও। তুমি কতজন বন্ধুকে ওই পতাকা দিতে পারবে? নীচের ছবিগুলিতে ঘটনাটি দেখো।



১৪টি পতাকা থেকে তুমি প্রথম বন্ধুকে ৪টি দিলে। তোমার কাছে থাকল $14 - 4 = 10$ টি পতাকা।



১০টি পতাকা থেকে তুমি দ্বিতীয় বন্ধুকে ৪টি দিলে। তোমার কাছে থাকল $10 - 4 = 6$ টি পতাকা।



৬টি পতাকা থেকে তৃতীয় বন্ধুকে ৪টি দিলে। তোমার কাছে থাকল $6 - 4 = 2$ টি পতাকা।



এখন ২ টি পতাকা আছে, যা তুমি দিতে পারছ না। কারণ তোমার ৪ টি করে পতাকা দেওয়ার কথা ছিল।

এখন দেখো,

$$\begin{array}{r} 18 \\ - 8 \\ \hline 10 \\ - 8 \\ \hline 2 \\ - 8 \\ \hline 2 \end{array} \begin{array}{l} \leftarrow 1 \text{ বার} \\ \leftarrow 2 \text{ বার} \\ \leftarrow 3 \text{ বার} \end{array}$$

অর্থাৎ ১৪ থেকে ধাপে ধাপে ৪কে ৩ বার মাত্র বিয়োগ করা যায় এবং এই বিয়োগের শেষে ২ থেকে যাচ্ছে, যা ৪-এর চেয়ে ছোটো। এক্ষেত্রে আমরা $18 \div 4 = 3$ **লিখব না।**
আমরা বলব, $18 \div 4$ -এর ক্ষেত্রে ৩ হল **ভাগফল** এবং ২ হল **ভাগশেষ**। ভাগশেষকে অবশিষ্টও বলে।

এখন নামতার সাহায্যে ভাগফল ও ভাগশেষ নির্ণয়ের পদ্ধতি দেখো।

$$\begin{array}{r} 3 \leftarrow \text{ভাগফল} \\ 4 \overline{) 18} \\ \underline{- 12} \\ 6 \\ \underline{- 6} \\ 0 \end{array} \begin{array}{l} \text{দ এ} \\ 1 8 \\ - 1 2 \\ \hline 6 0 \\ - 6 0 \\ \hline 0 \end{array} \leftarrow \text{ভাগশেষ}$$



[৪-এর নামতার সাহায্যে, $4 \times 3 = 12$

$12 < 18$

কিন্তু, $4 \times 4 = 16$

$16 > 18$]

আরো কয়েকটি উদাহরণ দেখো :

(ক)

$$\begin{array}{r} 8 \leftarrow \text{ভাগফল} \\ 5 \overline{) 22} \\ \underline{- 20} \\ 2 \end{array} \leftarrow \text{ভাগশেষ}$$

[৫-এর নামতার সাহায্যে, $5 \times 8 = 40$

$40 < 22$

কিন্তু, $5 \times 5 = 25$

$25 > 22$]

সুতরাং, ভাগফল = ৪, ভাগশেষ = ২

(খ)

$$\begin{array}{r} 5 \leftarrow \text{ভাগফল} \\ 8 \overline{) 41} \\ \underline{- 40} \\ 1 \end{array} \leftarrow \text{ভাগশেষ}$$

[৮-এর নামতার সাহায্যে, $8 \times 5 = 40$

$40 < 41$

কিন্তু, $8 \times 6 = 48$

$48 > 41$]

সুতরাং, ভাগফল = ৫, ভাগশেষ = ১

(গ)

$$\begin{array}{r} \text{৮} \leftarrow \text{ভাগফল} \\ \text{৯} \overline{) ৯৬} \\ \underline{৯} \quad ২ \\ \text{৪} \leftarrow \text{ভাগশেষ} \end{array}$$

[৯-এর নামতার সাহায্যে, $৯ \times ৮ = ৭২$

$$৭২ < ৭৬$$

কিন্তু, $৯ \times ৯ = ৮১$

$$৮১ > ৭৬]$$

সুতরাং, ভাগফল = ৮, ভাগশেষ = ৪

(ঘ)

$$\begin{array}{r} \text{৮} \leftarrow \text{ভাগফল} \\ \text{৭} \overline{) ৫৬} \\ \underline{৫৬} \\ \text{০} \leftarrow \text{ভাগশেষ} \end{array}$$

[৭-এর নামতার সাহায্যে,

$$৭ \times ৮ = ৫৬]$$

সুতরাং, ভাগফল = ৮, ভাগশেষ = ০ (শূন্য)

ভাগশেষ ০ (শূন্য) হলে আমরা বলি ভাজ্য, ভাজক দিয়ে বিভাজ্য।



SCHOOL EDUCATION DEPARTMENT
অনুশীলনী
GOVERNMENT OF WEST BENGAL

১। ভাগফল ও ভাগশেষ নির্ণয় করো।

(ক) $১১ \div ৫$

(খ) $৫৯ \div ৭$

(গ) $৩৮ \div ৬$

(ঘ) $৪৭ \div ৫$

(ঙ) $৮২ \div ৯$

(চ) $৬৪ \div ৮$

২। নীচের সমস্যাগুলি সমাধান করো। একটি করে দেওয়া হল।

(ক) ৪১টি গুলি থেকে ৫টি করে গুলি কতজনকে দেওয়া যাবে? ক-টি গুলি অবশিষ্ট থাকবে?

গণিতের ভাষায় সমস্যাটি হল $৪১ \div ৫$ -এর ভাগফল ও ভাগশেষ নির্ণয় করা।

$$\begin{array}{r} \text{৮} \\ \text{৫} \overline{) ৪১} \\ \underline{৪০} \\ \text{১} \end{array}$$

সুতরাং, ভাগফল ৮, ভাগশেষ ১

উত্তর : ৮ জনকে দেওয়া যাবে। ১টি গুলি অবশিষ্ট থাকবে।

(খ) ৪৭ টি চিনাবাদাম থেকে ৭ টি করে চিনাবাদাম কতজনকে দেওয়া যাবে? কতগুলি চিনাবাদাম অবশিষ্ট থাকবে?

<p>(গ) ৫১টি রং পেনসিল থেকে প্রত্যেককে ৬ টি করে দিলে কতজনকে দেওয়া যাবে? কতগুলি অবশিষ্ট থাকবে?</p>	
<p>(ঘ) ২৩টি লেবু, প্রত্যেকে যতগুলি সম্ভব বেশি করে পাবে এই শর্তে, ৫ জনের মধ্যে সমানভাবে ভাগ করলে প্রত্যেকে ক-টি করে লেবু পাবে ও কতগুলি লেবু অবশিষ্ট থাকবে?</p>	
<p>(ঙ) ৬৫টি মাটির পুতুল, প্রত্যেকে যতগুলি সম্ভব বেশি করে পাবে এই শর্তে, ৯ জনকে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে ক-টি করে পাবে ও কতগুলি অবশিষ্ট থাকবে?</p>	
<p>(চ) ৫৫টি তাল, প্রত্যেকে যতগুলি সম্ভব বেশি করে পাবে এই শর্তে, ৬ জনকে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে ক-টি করে পাবে ও কতগুলি অবশিষ্ট থাকবে?</p>	<p style="text-align: center;">SCHOOL EDUCATION DEPARTMENT GOVERNMENT OF WEST BENGAL</p>

৩। ধাপে ধাপে বিয়োগের সাহায্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও। দুটি করে দেওয়া হল।

<p>(ক) $১৫ \div ৫ = ৩$ কি ঠিক?</p>	<p>উত্তর: হ্যাঁ।</p> <p>কারণ,</p> $\begin{array}{r} ১৫ \\ - ৫ \\ \hline ১০ \\ - ৫ \\ \hline ৫ \\ - ৫ \\ \hline ০ \end{array}$ <p>১৫ থেকে ধাপে ধাপে ৫-কে ৩ বার বিয়োগ করা গেছে। ১৫ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য।</p>
---	--

<p>(খ) $10 \div 8 = 3$ কি ঠিক?</p>	<p>উত্তর: না। কারণ, 10 $\begin{array}{r} - 8 \leftarrow 1 \text{ বার} \\ \hline 2 \end{array}$ $\begin{array}{r} - 8 \leftarrow 2 \text{ বার} \\ \hline 2 \end{array}$</p> <p>$10$ থেকে ধাপে ধাপে 8-কে 2 বারের বেশি বিয়োগ করা যাচ্ছে না, 2 অবশিষ্ট থাকছে। তাই 10 সংখ্যাটি 8 দ্বারা বিভাজ্য নয়।</p>
<p>(গ) $18 \div 6 = 3$ কি ঠিক?</p>	<p>উত্তর:</p> <div style="text-align: center;">  <small>মমতেশ্বর জয়ন্তে</small> </div> <p>SCHOOL EDUCATION DEPARTMENT GOVERNMENT OF WEST BENGAL</p>
<p>(ঘ) $9 \div 3 = 3$ কি ঠিক?</p>	<p>উত্তর:</p>
<p>(ঙ) $28 \div 6 = 4$ কি ঠিক?</p>	<p>উত্তর:</p>

দশম পাঠ একক

প্রথম উপ-একক : তিন অঙ্কের সংখ্যা গঠন


প্রথম শ্রেণিতে তোমরা ৯৯ পর্যন্ত সংখ্যা শিখেছ। ৯৯ থেকে বড়ো সংখ্যা লেখার কিছু নমুনা নীচে দেওয়া হল।

বাউলি	গুচ্ছ	খুচরো	গণনা করে বলা	সংখ্যা প্রতীকে	কথায়
			দশের নয়টি গুচ্ছ ও নয়টি খুচরো রং পেনসিল	৯৯	নিরানব্বই
			দশের দশটি গুচ্ছ	৯৯ + ১	একশো
			একশো-এর একটি বাউলি	১০০	একশো
			একশো-এর একটি বাউলি ও একটি খুচরো রং পেনসিল	১০১	একশো এক
			একশো-এর একটি বাউলি ও নয়টি খুচরো রং পেনসিল	১০৯	একশো নয়
			একশো-এর একটি বাউলি ও একটি দশের গুচ্ছ ও চারটি খুচরো রং পেনসিল	১১৪	একশো চোদ্দ
			একশো-এর একটি বাউলি ও দুটি দশের গুচ্ছ ও ছয়টি খুচরো রং পেনসিল	১২৬	একশো ছাব্বিশ
			একশো-এর একটি বাউলি ও চারটি দশের গুচ্ছ ও তিনটি খুচরো রং পেনসিল	১৪৩	একশো তেতাল্লিশ
			একশো-এর একটি বাউলি, পাঁচটি দশের গুচ্ছ ও তিনটি খুচরো রং পেনসিল	১৫৩	একশো তিপান্ন
			একশো-এর একটি বাউলি, ছয়টি দশের গুচ্ছ ও দুটি খুচরো রং পেনসিল	১৬২	একশো বাষট্টি
			একশো-এর একটি বাউলি, নয়টি দশের গুচ্ছ ও দুটি খুচরো রং পেনসিল	১৯২	একশো বিরানব্বই
			একশো-এর দুটি বাউলি	২০০	দুশো

অনুশীলনী

বাঁদিকের ছবি দেখে ডানদিকের দুটি ঘরে সংখ্যা প্রতীকে ও কথায় সংখ্যাগুলি লেখো।

বাঁদিক	গুচ্ছ	খুচরো	সংখ্যা প্রতীক	কথায়



SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

১০০ থেকে ২০০ পর্যন্ত স্থানীয়মান অনুসারে সংখ্যা লেখা ও পড়া

নীচে ১০০ থেকে ২০০ পর্যন্ত কয়েকটি সংখ্যা স্থানীয়মান হিসাবে কীভাবে লেখা ও পড়া হয় তা লক্ষ্য করো।

কথায়	সংখ্যা প্রতীকে	স্থানীয় মানের ছকে সংখ্যা-প্রতীকে			স্থানীয়মান হিসাবে কথায় পড়তে হবে	তোমরা লিখবে
		শতক	দশক	একক		
একশো	১০০	১	০	০	এক শত	১০০
একশো নয়	১০৯	১	০	৯	এক শত নয়	১০৯
একশো পনেরো	১১৫	১	১	৫	এক শত এক দশ পাঁচ	১১৫
একশো তেইশ	১২৩	১	২	৩	এক শত দুই দশ তিন	১২৩
একশো ছত্রিশ	১৩৬	১	৩	৬	এক শত তিন দশ ছয়	১৩৬
একশো চুয়াল্লিশ	১৪৪	১	৪	৪	এক শত চার দশ চার	১৪৪
একশো সাতান্ন	১৫৭	১	৫	৭	এক শত পাঁচ দশ সাত	১৫৭
একশো বাষটি	১৬২	১	৬	২	এক শত ছয় দশ দুই	১৬২
একশো ছিয়ান্তর	১৭৬	১	৭	৬	এক শত সাত দশ ছয়	১৭৬
একশো ঊননব্বই	১৮৯	১	৮	৯	এক শত আট দশ নয়	১৮৯
একশো নিরানব্বই	১৯৯	১	৯	৯	এক শত নয় দশ নয়	১৯৯
দুশো	২০০	২	০	০	দুই শত	২০০

অনুশীলনী

১। নীচের তালিকাটি পূরণ করো।

১০১	১০২								১১০
১১১		১১৩						১১৯	
			১২৪				১২৮		
				১৩৫		১৩৭			
					১৪৬				
				১৫৫		১৫৭			
			১৬৪				১৬৮		
		১৭৩						১৭৯	
	১৮২								১৯০
১৯১									২০০

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

২। বাঁদিকের সঙ্গে ডানদিকের মিল খুঁজে নাও ও তির চিহ্ন দিয়ে জুড়ে দাও। দুটি করে দেওয়া আছে।

সংখ্যায় লেখা	স্থানীয়মান অনুসারে কথায় লেখা	স্থানীয়মান অনুসারে কথায় লেখা	সংখ্যায় লেখা
১১১	এক শত পাঁচ দশ ছয়	এক শত এক দশ নয়	১৩৮
১৩২	দুই শত	এক শত দুই দশ ছয়	১৯৯
১৪৭	এক শত সাত দশ তিন	এক শত তিন দশ আট	১৭১
১৫৬	এক শত এক দশ এক	এক শত ছয় দশ ছয়	১১৯
১৭৩	এক শত তিন দশ দুই	এক শত সাত দশ এক	১৬৬
২০০	এক শত চার দশ সাত	এক শত নয় দশ নয়	১২৬

৩। স্থানীয়মান অনুসারে শূন্যস্থান পূরণ করো।

ক) ১২৫ হল এক _____ দুই _____ পাঁচ।

খ) ১৩৭ হল এক _____ তিন _____ সাত।

গ) ১৫০ হল এক _____ পাঁচ _____।

৪। বাঁদিকে ○ চিহ্নিত অঙ্কের স্থানীয়মান ডানদিকে □ চিহ্নিত ঘরে সংখ্যায় লেখো।
দুটি করে দেওয়া আছে।

১	○ ৩	২	□ ৩০
○ ১	৪	৫	□
১	○ ০	৯	□ ০
১	৬	○ ৮	□
১	○ ৫	৫	□

○ ১	৬	৬	□
১	১	○ ০	□
১	১	○ ১	□
১	○ ৯	৯	□
১	○ ১	১	□

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

৫। নীচের খালি ঘরে সঠিকভাবে > বা < চিহ্ন বসাতো।

১৭৩	□	১৪৩	১১৮	□	১২৮	১৯৯	□	১৯১
১০৯	□	১০৩	১৬৭	□	১৭৬	২০০	□	১০০
১৩৭	□	১২৯	১০৯	□	১০৩	১৪৬	□	১৫৩
২০০	□	১৮৯	১৬৬	□	১৭৬	১৩৯	□	১৪৯
১৬৩	□	১৫২	১৯৮	□	১০৭	১৯১	□	১১৫

৬। নীচে অনেকগুলি সংখ্যা পাশাপাশি দেওয়া আছে। তার মধ্যে সবচেয়ে বড়ো ও সবচেয়ে ছোটো সংখ্যা দুটি চিহ্নিত করে ডানদিকে ফাঁকা ঘরে বসানো।

সংখ্যাগুলি	সবচেয়ে বড়ো সংখ্যা	সবচেয়ে ছোটো সংখ্যা
১৩৯, ১৭৩, ১৯৪, ১৮৬		
১৮৯, ১৭৯, ১০২, ১৫৬		
১১৭, ১৭১, ১১২, ১২১		
১০০, ১৯০, ২০০, ১৯৯		

৭। বাঁদিকের সংখ্যাগুলিকে দেখে ডানদিকের তিনটি ঘরে স্থানীয়মান অনুসারে লেখো।
একটি করে দেওয়া আছে।

সংখ্যা	স্থানীয়মান অনুসারে সংখ্যাটির অঙ্কগুলির মান (সংখ্যায়)		
	শতকের অঙ্কের মান	দশকের অঙ্কের মান	এককের অঙ্কের মান
১৬৮	১০০	৬০	৮
১০৬			
১৫৭			
১৯৯			
১৩৯			

৮। ঘরটি পূরণ করো। প্রথমটি করে দেওয়া আছে।

১১২ সংখ্যায় ২ আছে <input type="text"/> এককের	ঘরে।	১৭৮ সংখ্যায় ৭ আছে <input type="text"/>	ঘরে।
১০৮ সংখ্যায় ০ আছে <input type="text"/>	ঘরে।	১৯৫ সংখ্যায় ৫ আছে <input type="text"/>	ঘরে।
১৬৩ সংখ্যায় ১ আছে <input type="text"/>	ঘরে।	১৪৫ সংখ্যায় ১ আছে <input type="text"/>	ঘরে।

দশম পাঠ একক

দ্বিতীয় উপ-একক : যোগফল রূপে সংখ্যা বিশ্লেষণ

নীচের তালিকাটি লক্ষ্য করো।

সংখ্যা	স্থানীয়মানে পড়া	যোগফল রূপে বিশ্লেষণ	যোগফল-ই ওই সংখ্যা
১৩৮	১ শত ৩ দশ ৮	১০০ + ৩০ + ৮	১৩৮
১৫৭	১ শত ৫ দশ ৭	১০০ + ৫০ + ৭	১৫৭
১৬১	১ শত ৬ দশ ১	১০০ + ৬০ + ১	১৬১
১৭৮	১ শত ৭ দশ ৮	১০০ + ৭০ + ৮	১৭৮
১০৪	১ শত ৪	১০০ + ০ + ৪	১০৪

শিক্ষক / শিক্ষিকাদের প্রতি : স্থানীয়মানে পড়ার সময় সংখ্যাটির কোনো স্থানে ০ (শূন্য) থাকলে তা পড়া হয় না। কিন্তু যোগফলে বিশ্লেষণের সময় ওই শূন্যের স্থানীয়মানকে শূন্য হিসাবে উপযুক্ত স্থানে দেখানো হয়। শূন্যের স্থানীয়মান সর্বদাই শূন্য।

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

অনুশীলনী

১। নীচের ডানদিকের ঘরে সংখ্যা বসানো। একটি করে দেওয়া আছে।

এক শত তিন দশ এক

$$\boxed{১০০} + \boxed{৩০} + \boxed{১}$$

এক শত পাঁচ দশ ছয়

$$\boxed{} + \boxed{} + \boxed{}$$

এক শত সাত দশ আট

$$\boxed{} + \boxed{} + \boxed{}$$

এক শত নয় দশ

$$\boxed{} + \boxed{} + \boxed{}$$

২। বাঁদিকে সংখ্যা দেখে ডানদিকে যোগফলে বিশ্লেষণ করো। একটি করে দেওয়া আছে।

$$১৭৩ = ১০০ + ৭০ + ৩$$

$$১০৫ =$$

$$১১১ =$$

$$১৭৭ =$$

$$১৩৮ =$$

$$১৯৯ =$$

$$১৬৯ =$$

$$১৮০ =$$

দশম পাঠ একক

তৃতীয় উপ-একক : ২০১ থেকে ৯৯৯ পর্যন্ত সংখ্যা লেখা ও পড়া

নীচে ২০১ থেকে ৯৯৯ পর্যন্ত কয়েকটি সংখ্যা স্থানীয়মান হিসাবে কীভাবে লেখা ও পড়া হয় তা লক্ষ করো।

কথায়	সংখ্যা প্রতীকে	স্থানীয়মানের ছকে			স্থানীয়মান হিসাবে কথায় পড়তে হবে	তোমরা লিখবে
		শতক	দশক	একক		
দুশো এক	২০১	২	০	১	দুই শত এক	২০১
দুশো ছেচল্লিশ	২৪৬	২	৪	৬	দুই শত চার দশ ছয়	২৪৬
তিনশো তেত্রিশ	৩৩৩	৩	৩	৩	তিন শত তিন দশ তিন	৩৩৩
চারশো আশি	৪৮০	৪	৮	০	চার শত আট দশ	৪৮০
পাঁচশো তিয়াত্তর	৫৭৩	৫	৭	৩	পাঁচ শত সাত দশ তিন	৫৭৩
ছশো	৬০০	৬	০	০	ছয় শত	৬০০
ছশো একানব্বই	৬৯১	৬	৯	১	ছয় শত নয় দশ এক	৬৯১
সাতশো সাত	৭০৭	৭	০	৭	সাত শত সাত	৭০৭
আটশো একচল্লিশ	৮৪১	৮	৪	১	আট শত চার দশ এক	৮৪১
আটশো নিরানব্বই	৮৯৯	৮	৯	৯	আট শত নয় দশ নয়	৮৯৯
নশো পনেরো	৯১৫	৯	১	৫	নয় শত এক দশ পাঁচ	৯১৫
নশো নিরানব্বই	৯৯৯	৯	৯	৯	নয় শত নয় দশ নয়	৯৯৯

অনুশীলনী

১। নীচের ছকে শূন্যস্থান পূরণ করো। প্রথমটি করে দেওয়া আছে।

সংখ্যা	স্থানীয়মানে পড়া	শতক দশক একক	যোগফল রূপে বিশ্লেষণ	কথায়
২১৯	দুই শত এক দশ নয়	২ ১ ৯	$২০০ + ১০ + ৯$	দুশো উনিশ
৩৮৯		৩ ৮ ৯		তিনশো উননব্বই
	চার শত তিন			চারশো তিন
৬৬৬			$৬০০ + ৬০ + ৬$	
		৭ ৪ ২		সাতশো বিয়াল্লিশ
৯৯৯				নশো নিরানব্বই

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

২। বাঁদিকের সঙ্গে ডানদিকের মিল খুঁজে নাও ও তির চিহ্ন দিয়ে জুড়ে দাও। দুটি করে দেওয়া আছে।

সংখ্যায় লেখা	স্থানীয়মান অনুসারে কথায় লেখা
২২৮	পাঁচ শত পাঁচ দশ পাঁচ
৯০৯	তিন শত চার দশ ছয়
৭৭৯	ছয় শত আট দশ এক
৩৪৬	দুই শত দুই দশ আট
৫৫৫	নয় শত নয়
৬৮১	সাত শত সাত দশ নয়

স্থানীয়মান অনুসারে কথায় লেখা	সংখ্যায় লেখা
ছয় শত নয় দশ নয়	৮১৬
সাত শত তিন দশ দুই	২৬৮
আট শত এক দশ ছয়	৫৬০
দুই শত ছয় দশ আট	৩২৫
পাঁচ শত ছয় দশ	৬৯৯
তিন শত দুই দশ পাঁচ	৭৩২

৩। যোগফল রূপে বিশ্লেষণ করো। প্রথমটি করে দেওয়া আছে।

$৫৩৭ = ৫০০ + ৩০ + ৭$	$৪০৬ =$
$৬৮৭ =$	$২৪৭ =$
$৯০০ =$	$৩৪৯ =$
$৮৩৩ =$	$৭১৮ =$

৪। নীচের প্রতি ঘরে বড়ো সংখ্যাটিতে চিহ্ন দাও।

২৮৯ ৬৭৩

৮৩৭ ৩৮৫

৩৪৮ ৩৪৯

৭৩৮ ৮৩৮

৭৩৮ ৫৬৭

৩৭৪ ৪৩১

৫। নীচের প্রতি ঘরে ছোটো সংখ্যাটিতে চিহ্ন দাও।

৫৭৩ ৭৩৫

২৮৭ ৩৫৩

৮৩৮ ৮৮৩

৭৮১ ১৭৩

৩০০ ৬০০

৯৯৯ ৮৯৯

৬। সবচেয়ে বড়ো সংখ্যায় চিহ্ন ও সবচেয়ে ছোটো সংখ্যায় x চিহ্ন দাও।

২৩১ ৭০৩ ৩৪৬ ৮২৭

৬০০ ৫০০ ৩০০ ৯০০

৭৩২ ৭২৩ ৮৭৬ ৮৬৭

২০৮ ৩৮০ ৭০৯ ৯০৬

৭। ছোটো থেকে বড়ো আকারে সাজাও।

২০৩, ৩১৮, ৯২৩, ২০১ _____

৯০৭, ৯৭০, ৯১৩, ৯৩১ _____

৮১৮, ৭২৯, ৩৫৮, ৫৩৮ _____

৬৭৩, ৩০০, ৫৬১, ২৭৫ _____

৮। বড়ো থেকে ছোটো আকারে সাজাও।

৮৩২, ৭১৪, ৫০৩, ৯১৪ _____

৬৭১, ৭২৯, ২৫৭, ৩১৮ _____

৬০১, ৭০১, ৮০১, ৯০১ _____

৩৮৬, ৬৮৩, ৮৬৭, ৩৬৮ _____

৯। নীচের ঘরে সঠিকভাবে > বা < চিহ্ন বসান।



৭৩১ ৭১৩

৭১৪ ৫১৭

৫৭৬ ৬৭৬

৭৮৯ ৯৮১

৮১৩ ৯৯৯

২৭৯ ৩৭৯

১০। নীচের ছোটো ও বড়ো নির্দেশিত সংখ্যার যে স্থানীয়মান দেখে বড়ো বা ছোটো বুঝলে তা ডানদিকের ঘরে লেখো। প্রথমটি করে দেওয়া আছে।

৭৩৪ > ৫৬৩ বুঝলাম শতকের স্থানীয়মান দেখে।

৬৪১ < ৬৮১ বুঝলাম স্থানীয়মান দেখে।

২৪৯ > ২৪২ বুঝলাম স্থানীয়মান দেখে।

৬৩৯ > ৬২১ বুঝলাম স্থানীয়মান দেখে।

৭৩২ < ৮০০ বুঝলাম স্থানীয়মান দেখে।

৮২১ < ৯২১ বুঝলাম স্থানীয়মান দেখে।

দশম পাঠ একক

চতুর্থ উপ-একক : ১০০০ থেকে ৯৯৯৯ পর্যন্ত সংখ্যা লেখা ও পড়া

নীচে ৯৯৯ থেকে ৯৯৯৯ পর্যন্ত কয়েকটি সংখ্যা স্থানীয়মান হিসাবে কীভাবে লেখা ও পড়া হয় তা লক্ষ্য করো।

নশো নিরানব্বই	নশো নিরানব্বই + এক	অর্থাৎ	এক হাজার
শতক দশক একক			হাজার শতক দশক একক
৯ ৯ ৯	৯ ৯ ৯ + ১ =		১ ০ ০ ০

১০০০-এর পরবর্তী কয়েকটি সংখ্যা :

কথায়	সংখ্যা প্রতীকে	স্থানীয়মানের ছকে হাজার শতক দশক একক	স্থানীয়মান হিসাবে কথায় পড়তে হবে
এক হাজার এক	১০০১	১ ০ ০ ১	এক হাজার এক
এক হাজার পনেরো	১০১৫	১ ০ ১ ৫	এক হাজার এক দশ পাঁচ
এক হাজার নিরানব্বই	১০৯৯	১ ০ ৯ ৯	এক হাজার নয় দশ নয়
দুহাজার	২০০০	২ ০ ০ ০	দুই হাজার
দুহাজার তিনশো পঁচিশ	২৩২৫	২ ৩ ২ ৫	দুই হাজার তিন শত দুই দশ পাঁচ
তিন হাজার পাঁচশো ছয়	৩৫০৬	৩ ৫ ০ ৬	তিন হাজার পাঁচ শত ছয়
চার হাজার আটশো আশি	৪৮৮০	৪ ৮ ৮ ০	চার হাজার আট শত আট দশ
পাঁচ হাজার সাতশো চল্লিশ	৫৭৪০	৫ ৭ ৪ ০	পাঁচ হাজার সাত শত চার দশ
ছহাজার দুশো তেত্রিশ	৬২৩৩	৬ ২ ৩ ৩	ছয় হাজার দুই শত তিন দশ তিন
সাত হাজার চারশো চুয়াল্লিশ	৭৪৪৪	৭ ৪ ৪ ৪	সাত হাজার চার শত চার দশ চার
আট হাজার ছয়শো সাতান্ন	৮৬৫৭	৮ ৬ ৫ ৭	আট হাজার ছয় শত পাঁচ দশ সাত
নহাজার পাঁচ	৯০০৫	৯ ০ ০ ৫	নয় হাজার পাঁচ
নহাজার নশো নিরানব্বই	৯৯৯৯	৯ ৯ ৯ ৯	নয় হাজার নয় শত নয় দশ নয়

অনুশীলনী

১। নীচের ছকে শূন্যস্থান পূরণ করো। প্রথমটি করে দেওয়া আছে।

সংখ্যা	হাজার শতক দশক একক	যোগফল রূপে বিশ্লেষণ	কথায়
২২৫৬	২ ২ ৫ ৬	$২০০০+২০০+৫০+৬$	দুহাজার দুশো ছাপ্পান্ন
		$২০০০+১০০+১০+৭$	
	৭ ০ ১ ৫		
			আট হাজার নশো এক
৫৫৬৭			

২। বাঁদিকের সংখ্যায় লেখা সংখ্যার সাথে ডানদিকের স্থানীয়মান অনুসারে কথায় লেখা সেই সংখ্যাকে তির চিহ্ন দিয়ে জুড়ে দাও। একটি করে দেওয়া হল।

সংখ্যায় লেখা	স্থানীয়মান অনুসারে কথায় লেখা
১১৫৬	দুই হাজার তিন শত চার দশ পাঁচ
৫০৩০	তিন হাজার পাঁচ শত ছয় দশ এক
২৩৪৫	এক হাজার এক শত পাঁচ দশ ছয়
৩৫৬১	পাঁচ হাজার তিন দশ
৭৭২১	চার হাজার দুই দশ
৬৬১০	নয় হাজার আট শত আট দশ
৪০২০	সাত হাজার সাত শত দুই দশ এক
৯৮৮০	ছয় হাজার ছয় শত এক দশ

একাদশ পাঠ একক

তিন অঙ্কের দুটি বা তার বেশি সংখ্যার যোগফল নির্ণয়

দুই অঙ্কের দুটি সংখ্যার যোগফলের পদ্ধতির মত তিন অঙ্কের দুটি সংখ্যার যোগফলও নির্ণয় করা যায়। আগে যেমন এককের ঘরের 'হাতে রাখা' সংখ্যাকে দশকের অঙ্কগুলির সাথে যোগ করতে হতো, এখানেও তাই হবে। এখানে অতিরিক্ত যেটা করতে হবে তা হল, দশকের ঘরের 'হাতে রাখা' সংখ্যাকে শতকের অঙ্কগুলির সাথে যোগ। নীচের উদাহরণটি দেখো।

উদাহরণ ১। $১৩৫ + ২৯৭ =$ কত?

এককের স্থানের অঙ্কগুলি অর্থাৎ ৫, ৭ যোগ করে পাই, $৫ + ৭ = ১২$ । এই ১২-এর ২-কে এককের স্থানে রেখে দশকের অঙ্কগুলি অর্থাৎ ৩, ৯ -এর সাথে ১-কে 'হাতে রাখা' সংখ্যা হিসেবে যোগ করতে হবে। এখন, $৩ + ৯ + ১ = ১৩$ । এই ১৩-এর ৩-কে দশকের স্থানে রেখে শতকের অঙ্কগুলি অর্থাৎ ১ ও ২ -এর সাথে ১-কে 'হাতে রাখা' সংখ্যা হিসেবে যোগ করতে হবে। এবার, $১ + ২ + ১ = ৪$ -কে শতকের স্থানে বসাতে হবে। নীচে লক্ষ্য করো।

প্রথম ধাপ	দ্বিতীয় ধাপ	তৃতীয় ধাপ	চতুর্থ ধাপ																																																									
<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>১</td><td>৩</td><td>৫</td></tr> <tr><td>+</td><td>২</td><td>৯</td></tr> <tr><td></td><td></td><td>৭</td></tr> </table>	শ	দ	এ	১	৩	৫	+	২	৯			৭	<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>১</td><td>৩</td><td>৫</td></tr> <tr><td>+</td><td>২</td><td>৯</td></tr> <tr><td></td><td></td><td>৭</td></tr> <tr><td></td><td></td><td>২</td></tr> </table>	শ	দ	এ	১	৩	৫	+	২	৯			৭			২	<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>১</td><td>৩</td><td>৫</td></tr> <tr><td>+</td><td>২</td><td>৯</td></tr> <tr><td></td><td></td><td>৭</td></tr> <tr><td></td><td>৩</td><td>২</td></tr> </table>	শ	দ	এ	১	৩	৫	+	২	৯			৭		৩	২	<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>১</td><td>৩</td><td>৫</td></tr> <tr><td>+</td><td>২</td><td>৯</td></tr> <tr><td></td><td></td><td>৭</td></tr> <tr><td>৪</td><td>৩</td><td>২</td></tr> </table>	শ	দ	এ	১	৩	৫	+	২	৯			৭	৪	৩	২
শ	দ	এ																																																										
১	৩	৫																																																										
+	২	৯																																																										
		৭																																																										
শ	দ	এ																																																										
১	৩	৫																																																										
+	২	৯																																																										
		৭																																																										
		২																																																										
শ	দ	এ																																																										
১	৩	৫																																																										
+	২	৯																																																										
		৭																																																										
	৩	২																																																										
শ	দ	এ																																																										
১	৩	৫																																																										
+	২	৯																																																										
		৭																																																										
৪	৩	২																																																										

উদাহরণ ২। $৯১১ + ৩৩৩ + ৯৯ =$ কত?

প্রথম ধাপ	দ্বিতীয় ধাপ	তৃতীয় ধাপ	চতুর্থ ধাপ																																																									
<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>৯</td><td>১</td><td>১</td></tr> <tr><td>+</td><td>৩</td><td>৩</td></tr> <tr><td>+</td><td></td><td>৯</td></tr> </table>	শ	দ	এ	৯	১	১	+	৩	৩	+		৯	<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>৯</td><td>১</td><td>১</td></tr> <tr><td>+</td><td>৩</td><td>৩</td></tr> <tr><td>+</td><td></td><td>৯</td></tr> <tr><td></td><td></td><td>৩</td></tr> </table>	শ	দ	এ	৯	১	১	+	৩	৩	+		৯			৩	<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>৯</td><td>১</td><td>১</td></tr> <tr><td>+</td><td>৩</td><td>৩</td></tr> <tr><td>+</td><td></td><td>৯</td></tr> <tr><td></td><td>৪</td><td>৩</td></tr> </table>	শ	দ	এ	৯	১	১	+	৩	৩	+		৯		৪	৩	<table border="1"> <tr><td>শ</td><td>দ</td><td>এ</td></tr> <tr><td>হা</td><td>৯</td><td>১</td></tr> <tr><td>+</td><td>৩</td><td>৩</td></tr> <tr><td>+</td><td></td><td>৯</td></tr> <tr><td>১</td><td>৩</td><td>৪</td></tr> </table>	শ	দ	এ	হা	৯	১	+	৩	৩	+		৯	১	৩	৪
শ	দ	এ																																																										
৯	১	১																																																										
+	৩	৩																																																										
+		৯																																																										
শ	দ	এ																																																										
৯	১	১																																																										
+	৩	৩																																																										
+		৯																																																										
		৩																																																										
শ	দ	এ																																																										
৯	১	১																																																										
+	৩	৩																																																										
+		৯																																																										
	৪	৩																																																										
শ	দ	এ																																																										
হা	৯	১																																																										
+	৩	৩																																																										
+		৯																																																										
১	৩	৪																																																										

এক্ষেত্রে, তৃতীয় ধাপে দশকের স্থানে চারটি এক অঙ্কের সংখ্যা যোগ করা হয়েছে। এই যোগও তিনটি এক অঙ্কের সংখ্যার যোগের মতো। এখানে, $১ + ১ + ৩ + ৯$ -এর প্রথমে $১ + ১ = ২$, তারপর $২ + ৩ = ৫$ ও শেষে $৫ + ৯ = ১৪$ এই ভাবে যোগ করা হয়েছে।

সুতরাং, $৯১১ + ৩৩৩ + ৯৯ = ১৩৪৩$

উদাহরণ ৩। একটি গ্রামে তিনটি পাড়া আছে—পূর্বপাড়া, মাঝের পাড়া ও পশ্চিমপাড়া। পূর্বপাড়ায় ৮২৫ জন, মাঝের পাড়ায় ৭৩৯ জন ও পশ্চিমপাড়ায় ৯৮০ জন বাস করেন। ওই গ্রামে মোট কতজন বাস করেন?

৮২৫, ৭৩৯ ও ৯৮০-এর যোগফল যা হবে, ততজন লোক ওই গ্রামে বাস করেন।

অর্থাৎ, ৮২৫ + ৭৩৯ + ৯৮০ নির্ণয় করতে হবে।

প্রথম ধাপ		
	শ	দ এ
	৮	২ ৫
+	৭	৩ ৯
+	৯	৮ ০

দ্বিতীয় ধাপ		
	শ	দ এ
	৮	২ ৫
+	৭	৩ ৯
+	৯	৮ ০
৪		

তৃতীয় ধাপ		
	শ	দ এ
	৮	২ ৫
+	৭	৩ ৯
+	৯	৮ ০
৪ ৪		

চতুর্থ ধাপ			
	হা	শ	দ এ
		৮	২ ৫
+		৭	৩ ৯
+		৯	৮ ০
২ ৫ ৪ ৪			

সুতরাং, ৮২৫ + ৭৩৯ + ৯৮০ = ২৫৪৪

অর্থাৎ, ওই গ্রামে মোট ২৫৪৪ জন বাস করেন।

একইরকম ভাবে আমরা তিন অঙ্কের চারটি, পাঁচটি, ছয়টি বা আরও বেশি সংখ্যার যোগফল নির্ণয় করতে পারি।

বি.দ্র.: অঙ্কটি ধাপে ধাপে বোঝবার পর কেবলমাত্র শেষ ধাপটি করলেই হবে।

অনুশীলনী

১। স্থানীয়মান অনুসারে সাজিয়ে যোগফল নির্ণয় করো।

(ক) ১৯৯ + ৯৮

(খ) ৯৮১ + ৮

(গ) ৯৯৯ + ৯৯৯

(ঘ) ৮২৫ + ৭৮

(ঙ) ৩৩৩ + ৬৬৬

(চ) ৭২৩ + ২৩৭

(ছ) ৯০০ + ৮৭৯ + ৩৭৯

(জ) ৬১৬ + ৭১৭ + ৯৯১

২। গোল দিঘিতে ৩৮৯টি ও লাল দিঘিতে ৮৩৮টি মাছ আছে। এই দুটি দিঘিতে মোট কতগুলি মাছ আছে?

৩। তোমাদের বিদ্যালয়ে ৯৭১ জন ও পাশের একটি বিদ্যালয়ে ৮৩৯ জন পড়ে। ওই দুটি বিদ্যালয়ে মোট কতজন পড়ে?

দ্বাদশ পাঠ একক

তিন অঙ্কের সংখ্যা থেকে এক, দুই বা তিন অঙ্কের সংখ্যার বিয়োগ

দুই অঙ্কের সংখ্যা থেকে এক বা দুই অঙ্কের সংখ্যার বিয়োগের যে কৌশল তোমরা শিখেছ তার সাহায্যে তিন অঙ্কের সংখ্যা থেকে এক, দুই বা তিন অঙ্কের সংখ্যার বিয়োগ কীভাবে করবে তা এখানে আলোচনা করা হবে।

তিন অঙ্কের সংখ্যা থেকে এক অঙ্কের সংখ্যার বিয়োগ

উদাহরণ ১। $১২৭ - ৬ =$ কত?

শ	দ	এ
১	২	৭
-		৬
১	২	১



উদাহরণ ২। $৩৪৫ - ৭ =$ কত?

৩ ১৫

শ	দ	এ
৩	৪	৫
-		৭
৩	৩	৮

সুতরাং, $১২৭ - ৬ = ১২১$ সুতরাং, $৩৪৫ - ৭ = ৩৩৮$

উদাহরণ ৩। $৬০০ - ৮ =$ কত?

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

শ	দ	এ
৬	০	০
-		৮

দ্বিতীয় ধাপ : ৬০০ -র একক ও দশক উভয় ঘরের অঙ্ক ০ (শূন্য) হওয়ায় ৬০০ -কে প্রথমে $৫০০ + ১০০$, পরে $৫০০ + ৯০ + ১০$ আকারে লেখো।

তৃতীয় ধাপ : ১০ থেকে ৮ বিয়োগ করো।

$১০ - ৮ = ২$ কে
বিয়োগফলে লেখো।

$৫০০ + ৯০ + ১০$

- ৮

$৫০০ + ৯০ + ১০$

- ৮

২

চতুর্থ ধাপঃ উপরের ৯০ থেকে কিছুই বিয়োগ করা হচ্ছে না।

৫০০ থেকেও কিছুই বিয়োগ করা হচ্ছে না।

তাই, ৯০ ও ৫০০ কে অপরিবর্তিত রেখে

বিয়োগফলের ঘরে লেখো।

সুতরাং, $৬০০ - ৮ = ৫৯২$

$$\begin{array}{r} ৫০০ + ৯০ + ১০ \\ - ৮ \\ \hline ৫০০ + ৯০ + ২ \rightarrow ৫৯২ \end{array}$$

উপরের ধাপগুলি না দেখিয়ে সংক্ষেপে আমরা নীচের আকারে লিখব।

৫	৯	১০
শ	দ	এ
৬	০	০
-		৮
৫	৯	২

মন্তব্যঃ একক ও দশক উভয় ঘরেই শূন্য থাকলে কীভাবে সংখ্যাটিকে বিশ্লেষণ করে \bigcirc চিহ্নে লিখে নিতে হবে তা বিশেষভাবে লক্ষ্য করো।

উত্তরঃ ৫৯২

তিন অঙ্কের সংখ্যা থেকে দুই অঙ্কের সংখ্যার বিয়োগ

উদাহরণ ৪। $৭৮৫ - ৬৯ =$ কত?

উদাহরণ ৫। $৮০০ - ৯৯ =$ কত?

৭	৮	৫
শ	দ	এ
৭	৮	৫
-	৬	৯
৭	১	৬

উত্তরঃ ৭১৬

৮	০	০
শ	দ	এ
৮	০	০
-	৯	৯
৭	০	১

উত্তরঃ ৭০১

তিন অঙ্কের সংখ্যা থেকে তিন অঙ্কের সংখ্যার বিয়োগ

উদাহরণ ৬। $৩৬৪ - ১৫২ =$ কত?

উদাহরণ ৭। $৯০০ - ৬৭৫ =$ কত?

৩	৬	৪
শ	দ	এ
৩	৬	৪
-	১	৫
২	১	২

উত্তরঃ ২১২

৯	০	০
শ	দ	এ
৯	০	০
-	৬	৭
২	২	৫

উত্তরঃ ২২৫

উদাহরণ ৮। $৪৫৩ - ২৭৮ =$ কত?

৩ ১৪
~~৪~~ ১৩

শ	দ	এ
৪	৫	৩
- ২	৭	৮
১	৭	৫

উত্তর : ১৭৫

উদাহরণ ৯। $৯২৬ - ৪৮৯ =$ কত?

৮ ১১
~~৯~~ ১৬

শ	দ	এ
৯	২	৬
- ৪	৮	৯
৪	৩	৭

উত্তর : ৪৩৭

মন্তব্য : উপরের বিয়োগদুটিতে “হাতে রাখা” সংখ্যার ব্যবহার কীভাবে দ্বিতীয় ধাপে প্রয়োগ করা হল তা বিশেষভাবে লক্ষ করো।

নীচের উদাহরণগুলিতে কয়েকটি বিশেষ বিয়োগের অঙ্ক আলোচনা করা হল, যা প্রথম শ্রেণিতে শেখা বিয়োগের নিয়মের সাধারণীকরণ থেকে পাওয়া যায়।

উদাহরণ ১০। $৭৫৬ - ৭২৬ =$ কত?

শ	দ	এ
৭	৫	৬
- ৭	২	৬
		০

প্রথম ধাপ :

এককের ঘরে
বিয়োগ করো।

শ	দ	এ
৭	৫	৬
- ৭	২	৬
	৩	০

দ্বিতীয় ধাপ :

দশকের ঘরের অঙ্ক দুটি
অসমান, দশকের ঘরে
বিয়োগ করো।
তৃতীয় ধাপ : শতকের অঙ্ক দুটি সমান।

এক্ষেত্রে বিয়োগফল নির্ণয়ের কাজ শেষ।

সুতরাং $৭৫৬ - ৭২৬ = ৩০$

উদাহরণ ১১। $৩৪৮ - ৩৪২ =$ কত?

শ	দ	এ
৩	৪	৮
- ৩	৪	২
		৬

প্রথম ধাপ :

এককের ঘরে
বিয়োগ করো।

দ্বিতীয় ধাপ :

দশকের ঘরের অঙ্ক দুটি সমান, শতকের
ঘরে যাও। শতকের অঙ্ক দুটি সমান। এক্ষেত্রে বিয়োগফল
নির্ণয়ের কাজ শেষ।

সুতরাং $৩৪৮ - ৩৪২ = ৬$

উদাহরণ ১২। $৬৩৫ - ৩৩৫ =$ কত?

শ	দ	এ
৬	৩	৫
- ৩	৩	৫
		০

প্রথম ধাপ :

এককের ঘরে
বিয়োগ করো।

শ	দ	এ
৬	৩	৫
- ৩	৩	৫
	০	০

দ্বিতীয় ধাপ :

দশকের ঘরের অঙ্ক
দুটি সমান। শতকের ঘরে যাও,
শতকের অঙ্ক দুটি অসমান।
দশকের ঘরে ফিরে এসো। দশকের
ঘরে বিয়োগ করো।

শ	দ	এ
৬	৩	৫
- ৩	৩	৫
৩	০	০

তৃতীয় ধাপঃ শতকের
ঘরে বিয়োগ করো।

সুতরাং, ৬৩৫-৩৩৫ = ৩০০

উদাহরণ ১৪। ৭৬২-৬৫৩ = কত?

(৫) (১২)

শ	দ	এ
৭	৬	২
- ৬	৫	৩
১	০	৯

সুতরাং ৭৬২-৬৫৩ = ১০৯

উদাহরণ ১৩। ৬৪২-৫৫২ = কত?

(৫) (১৪)

শ	দ	এ
৬	৪	২
- ৫	৫	২
		০

শ	দ	এ
৬	৪	২
- ৫	৫	২
	৯	০

সুতরাং, ৬৪২-৫৫২ = ৯০

মন্তব্যঃ উদাহরণ ১৩ এবং ১৪-তে কীভাবে 'হাতে রাখা সংখ্যা'-এর ক্ষেত্রে উপরের আলোচিত বিয়োগের নিয়মটি প্রয়োগ করা হল খেয়াল করো। এবার বলতো, ৩৯৫-৩৯৫ = কত? উপরের নিয়মে করে দেখো, উত্তর ০ (শূন্য)।

অনুশীলনী

১। নীচের সংখ্যাগুলিকে স্থানীয়মান অনুসারে সাজিয়ে বিয়োগফল নির্ণয় করো।

(ক) ৩৬৭-৪ (খ) ৫২৭-১৭ (গ) ৬৯৭-৮৬ (ঘ) ১৮৭-১৫৩ (ঙ) ৪৭৮-২৩৫

শ	দ	এ

শ	দ	এ

শ	দ	এ

শ	দ	এ

শ	দ	এ

(চ) ২৮৭-৫৮

○ ○

(ছ) ৭০০-৯

○ ○ ○

(জ) ২৬৮-১৫৯

○ ○

(ঝ) ৭৬২-৫৪৬

○ ○

(ঞ) ৭৮১-৩৬৮

○ ○

শ	দ	এ

শ	দ	এ

শ	দ	এ

শ	দ	এ

শ	দ	এ

২। স্লেটে বা খাতায় নীচের সংখ্যাগুলিকে স্থানীয়মান অনুসারে সাজিয়ে বিয়োগফল নির্ণয় করো।

(ক) ৬৫৮-৬ (খ) ৪৫৭-৭ (গ) ২৪৭-৯ (ঘ) ৪০৭-৮ (ঙ) ৫০০-৯ (চ) ৮৭৬-৫৪

(ছ) ৩২৩-১৫ (জ) ৫০৮-৮৯ (ঝ) ৪৯১-৭২ (ঞ) ৭৪২-৬৬ (ট) ২৬৭-১৪৩ (ঠ) ২৩৯-১৮৭

(ড) ৫৬৪-৩৭৮ (ঢ) ৭০৮-৪১৯ (ণ) ৮০০-৪৫৬ (ত) ৮২৯-৭২৬ (থ) ৬১৪-৬১১ (দ) ৬২৩-৩৪২

ত্রয়োদশ পাঠ একক

প্রথম উপ-একক : এককের ঘরের অঙ্ক শূন্য এরকম দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ

এর আগে তোমরা ১০-এর নামতা শিখেছ। সেখানে দেখেছ $১০ \times ৩ = ৩০$, $১০ \times ৫ = ৫০$, ইত্যাদি। এই গুণফলগুলিকে স্থানীয়মান অনুসারে অন্যভাবে লেখা যায়। যেমন,

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ১ \quad ০ \\ \times \quad ৩ \\ \hline ৩ \quad ০ \end{array} , \quad \begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ১ \quad ০ \\ \times \quad ৫ \\ \hline ৫ \quad ০ \end{array} \quad \text{ইত্যাদি।}$$

১০-কে ১০-এর সাথে বার বার যোগ করে এই গুণফলগুলি নির্ণয় করেছ। এখন লক্ষ্য করো, $১০ \times ৩ = ৩০$ পেতে $০ \times ৩ = ০$ কে গুণফলের এককের ঘরে এবং $১ \times ৩ = ৩$ -কে দশকের ঘরে বসানো হয়েছে। এভাবে ১০×৫ -এর জন্য গুণফলের এককের ঘরে $০ \times ৫ = ০$ এবং দশকের ঘরে $১ \times ৫ = ৫$ বসিয়ে ৫০ পেতে পার। এই উপায়ে ১০-কে যে কোনো এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করে গুণফল নির্ণয় করতে পার। এখানে ২০, ৩০, ৪০, ৫০, ৬০, ৭০, ৮০ এবং ৯০-কে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করে কীভাবে গুণফল নির্ণয় করবে তা আলোচনা করা হবে।

উদাহরণ ১। $২০ \times ৪ =$ কত?

আলোচনা: ২০×৪ হল ২০ -কে ৪ বার নিয়ে যোগ

অর্থাৎ, $২০ \times ৪ = ২০ + ২০ + ২০ + ২০ = ৮০$

সুতরাং, গুণফল ৮০ -এর এককের ঘরের অঙ্কটি ২০ -র এককের ঘরের অঙ্ক ০ (শূন্য)-কে ৪ বার নিয়েযোগ বা ০×৪ করে এবং দশকের ঘরের অঙ্কটি ২০ -র দশকের ঘরের অঙ্ক ২ -কে ৪ বার নিয়েযোগ বা ২×৪ করে পাওয়া গেছে।

অতএব, $২০ \times ৪ =$ কত তা নির্ণয়ের উপায়কে নীচের তিনটি ধাপে লেখা যায়।

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ০ \\ \times \quad ৪ \\ \hline \hline \end{array}$$

দ্বিতীয় ধাপ : ২০ -এর এককের ঘরের অঙ্ক ০ -কে ৪ দিয়ে গুণ।

যেহেতু, $০ \times ৪ = ০$, তাই

গুণফলের এককের ঘরে ০ লেখো।

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ০ \\ \times \quad ৪ \\ \hline ০ \end{array}$$

তৃতীয় ধাপ : ২০-র দশকের ঘরের অঙ্ক ২-কে ৪ দিয়ে গুণ।

যেহেতু, $২ \times ৪ = ৮$, তাই
গুণফলের দশকের ঘরে ৮ লেখো।

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ০ \\ \times \quad ৪ \\ \hline ৮ \quad ০ \end{array}$$

সুতরাং, $২০ \times ৪ = ৮০$

উদাহরণ ২। $৪০ \times ৭ =$ কত?

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ \quad ৪ \quad ০ \\ \times \quad \quad ৭ \\ \hline \hline \end{array}$$

দ্বিতীয় ধাপ : ৪০-এর এককের ঘরের অঙ্ক ০-কে ৭ দিয়ে গুণ।

যেহেতু, $০ \times ৭ = ০$, তাই
গুণফলের এককের ঘরে ০ লেখো।

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ \quad ৪ \quad ০ \\ \times \quad \quad ৭ \\ \hline \quad \quad ০ \end{array}$$

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

তৃতীয় ধাপ : ৪০-এর দশকের ঘরের অঙ্ক ৪-কে ৭ দিয়ে গুণ।

যেহেতু, $৪ \times ৭ = ২৮$, তাই
গুণফলের দশকের ঘরে ৮ এবং শতকের ঘরে ২ লেখো।

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ \quad ৪ \quad ০ \\ \times \quad \quad ৭ \\ \hline ২ \quad ৮ \quad ০ \end{array}$$

সুতরাং, $৪০ \times ৭ = ২৮০$

বি: দ্র: এই ধরনের গুণগুলিকে আমরা নীচের উদাহরণের মতো লিখব।

স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল নির্ণয়

উদাহরণ ৩। $৮০ \times ৯ =$ কত?

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ \quad ৮ \quad ০ \\ \times \quad \quad ৯ \\ \hline ৭ \quad ২ \quad ০ \end{array}$$


সুতরাং, $৮০ \times ৯ = ৭২০$

উদাহরণ ৪। $৭০ \times ৮ =$ কত?

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ \quad ৭ \quad ০ \\ \times \quad \quad ৮ \\ \hline ৫ \quad ৬ \quad ০ \end{array}$$

সুতরাং, $৭০ \times ৮ = ৫৬০$

উদাহরণ ৫।



একটি মোমবাতির প্যাকেটে ২০টি মোমবাতি আছে। এ রকম ৮ টি প্যাকেটে মোট ক-টি মোমবাতি আছে?

যেহেতু প্রতিটি প্যাকেটে ২০টি মোমবাতি আছে, তাই ৮টি প্যাকেটে মোট কটি মোমবাতি আছে তা বের করতে হলে ২০ কে ৮ বার নিয়ে যোগ করতে হবে। অর্থাৎ, ২০×৮ বের করতে হবে। তাহলে গণিতের ভাষায় সমস্যাটি হল: $২০ \times ৮ =$ কত?

সমাধান :

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ \quad \quad ২ \quad ০ \\ \times \quad \quad \quad ৮ \\ \hline ১ \quad ৬ \quad ০ \end{array}$$

উত্তরঃ ১৬০টি মোমবাতি আছে।

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের উদাহরণটির ছবিতে ঘটনাটি বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত সংখ্যার সঙ্গে ছবির মিল নেই।

১। নীচের ছকে দেওয়া সংখ্যাগুলিকে স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল বের করো।

(ক) ২০×২

শ	দ	এ

(খ) ৩০×৪

শ	দ	এ

(গ) ৪০×২

শ	দ	এ

(ঘ) ৩০×৩

শ	দ	এ

(ঙ) ৮০×৪

শ	দ	এ

(চ) ৫০×২

শ	দ	এ

(ছ) ৬০×৩

শ	দ	এ

(জ) ৫০×৭

শ	দ	এ

(ঝ) ৭০×৪

শ	দ	এ

(ঞ) ৯০×৯

শ	দ	এ

২। নীচের সমস্যাগুলিকে গণিতের ভাষায় প্রকাশ করে সমাধান করো। একটি করে দেওয়া হল।

	ছবিতে ও কথায় লেখা সমস্যা	গণিতের ভাষায় লিখে সমাধান
(ক)	 <p>তোমাদের শ্রেণির ২০ জন ছাত্রছাত্রীর একে একজন ২ টাকা করে চাঁদা দিলে, মোট কত টাকা চাঁদা উঠবে?</p>	<p>গণিতের ভাষায় সমস্যাটি হল:</p> $20 \times 2 = \text{কত?}$ $20 \times 2 = 80$ <p>উত্তরঃ ৪০ টাকা চাঁদা উঠবে।</p>
(খ)	 <p>দ্বিতীয় শ্রেণির ৪০ জন ছেলে-মেয়ের এক-একজনকে ৬টি করে চকোলেট দিতে হলে মোট কতগুলি চকোলেট লাগবে?</p>	
(গ)	 <p>৪টি বাটিতে প্রত্যেকটিতে ৬০টি করে কুল আছে। সবগুলি বাটিতে মোট ক-টি কুল আছে?</p>	
(ঘ)	 <p>প্রতিদিন ৭০ জন লোককে কলেরার টিকা দেওয়া হলে ৮ দিনে কত জনকে টিকা দেওয়া হবে?</p>	
(ঙ)	 <p>একটি বাই-সাইকেলের ২টি চাকা আছে। ৭০ টি বাই-সাইকেলের মোট ক-টি চাকা আছে?</p>	
(চ)	 <p>একটি রেলগাড়ির ২০টি বগি আছে। এ রকম ৬টি রেলগাড়ির ক-টি বগি আছে?</p>	

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের সমস্যাগুলির ছবিতে ঘটনাটি বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত সংখ্যার সঙ্গে ছবির মিল নেই।

ত্রয়োদশ পাঠ একক

দ্বিতীয় উপ-একক : দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ

এই উপ-এককে এক অঙ্কের সংখ্যা দিয়ে যেকোনো দুই অঙ্কের সংখ্যাকে গুণ করে গুণফল নির্ণয়ের পদ্ধতি আলোচনা করা হবে। নীচের উদাহরণগুলি দেখো।

উদাহরণ ১। $২৩ \times ৩ =$ কত?

আলোচনা : ২৩×৩ হল ২৩ -কে ৩ বার নিয়ে যোগ।

অর্থাৎ,

$$\begin{aligned} ২৩ \times ৩ &= ২৩ + ২৩ + ২৩ \\ &= ২০ + ৩ + ২০ + ৩ + ২০ + ৩ \\ &= ২০ + ২০ + ২০ + ৩ + ৩ + ৩ \\ &= ২০ \times ৩ + ৩ \times ৩ \\ &= ৬০ + ৯ \\ &= ৬৯ \end{aligned}$$

লক্ষ করো, ২৩ -এর এককের ঘরের অঙ্ক ৩ এবং $৩ \times ৩ = ৯$

২৩ -এর দশকের ঘরের অঙ্ক ২ এবং $২ \times ৩ = ৬$

অতএব, $২৩ \times ৩ = ৬৯$

এই আলোচনা থেকে ২৩ -কে ৩ দিয়ে গুণ করে গুণফল নির্ণয়ের যে পদ্ধতি পাওয়া গেল তা হল :

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ৩ \\ \times \quad ৩ \\ \hline \end{array}$$

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ৩ \\ \times \quad ৩ \\ \hline ৬ \quad ৯ \end{array}$$

দ্বিতীয় ধাপ : ২৩ -এর এককের অঙ্ক ৩ -কে ৩ দিয়ে গুণ।
 $৩ \times ৩ = ৯$
গুণফলের এককের ঘরে ৯ লেখো।

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ৩ \\ \times \quad ৩ \\ \hline ৬ \quad ৯ \end{array}$$

তৃতীয় ধাপ : ২৩ -এর দশকের অঙ্ক ২ -কে ৩ দিয়ে গুণ।
 $২ \times ৩ = ৬$
গুণফলের দশকের ঘরে ৬ লেখো।

সুতরাং, $২৩ \times ৩ = ৬৯$

উদাহরণ ২। $৩২ \times ৪ =$ কত?

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ ৩ \quad ২ \\ \times \quad \quad ৪ \\ \hline \hline \end{array}$$

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ ৩ \quad ২ \\ \times \quad \quad ৪ \\ \hline \quad \quad ৮ \\ \hline \end{array}$$

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ ৩ \quad ২ \\ \times \quad \quad ৪ \\ \hline ১ \quad ২ \quad ৮ \\ \hline \end{array}$$

সুতরাং, $৩২ \times ৪ = ১২৮$

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

দ্বিতীয় ধাপ : ৩২ -এর এককের অঙ্ক ২-কে ৪ দিয়ে গুণ।

$$২ \times ৪ = ৮$$

গুণফলের এককের ঘরে ৮ লেখো।

তৃতীয় ধাপ : ৩২ -এর দশকের অঙ্ক ৩-কে ৪ দিয়ে গুণ।

$$৩ \times ৪ = ১২$$

গুণফলের দশকের ঘরে ২ লেখো এবং

শতকের ঘরে ১ লেখো।



SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

উদাহরণ ৩। $১৭ \times ২ =$ কত?

আলোচনা :

$$\begin{aligned} ১৭ \times ২ &= ১৭ + ১৭ \\ &= ১০ + ৭ + ১০ + ৭ \\ &= ১০ + ১০ + ৭ + ৭ \\ &= ১০ \times ২ + ৭ \times ২ \\ &= ২০ + ১৪ \\ &= ২০ + ১০ + ৪ \\ &= ৩০ + ৪ \\ &= ৩৪ \end{aligned}$$

অতএব, $১৭ \times ২ = ৩৪$

তাহলে, ১৭-কে ২ দিয়ে গুণ করে গুণফল ৩৪ পাওয়ার পদ্ধতি হল :

$$\begin{array}{r} \text{দ} \quad \text{এ} \\ ১ \quad ৭ \\ \times \quad \quad \\ \hline \end{array}$$

$$\begin{array}{r} \text{১} \\ \text{দ} \quad \text{এ} \\ ১ \quad ৭ \\ \times \quad \quad \\ \hline ৪ \end{array}$$

$$\begin{array}{r} \text{১} \\ \text{দ} \quad \text{এ} \\ ১ \quad ৭ \\ \times \quad \quad \\ \hline ৩ \quad ৪ \end{array}$$

সুতরাং, $১৭ \times ২ = ৩৪$

উদাহরণ ৪। $২৮ \times ৬ =$ কত?

$$\begin{array}{r} \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ৮ \\ \times \quad \quad \\ \hline \end{array}$$

$$\begin{array}{r} \text{৪} \\ \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\ ২ \quad ৮ \\ \times \quad \quad \\ \hline ৮ \quad ৪ \end{array}$$

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

দ্বিতীয় ধাপ : ১৭ -এর এককের অঙ্ক ৭-কে ২ দিয়ে গুণ।

$$৭ \times ২ = ১৪$$

গুণফলের এককের ঘরে ৪ লেখো।

‘হাতে রাখা’ ১ -কে দশকের ঘরের ঠিক

উপরে ○ চিহ্নের মধ্যে লিখে রাখো।

তৃতীয় ধাপ : ১৭ -এর দশকের অঙ্ক ১-কে ২ দিয়ে গুণ।

$$১ \times ২ = ২, \text{ এই } ২\text{-এর সাথে 'হাতে রাখা'}$$

$$১ \text{ যোগ করো। } ২ + ১ = ৩$$

গুণফলের দশকের ঘরে ৩ লেখো।

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

প্রথম ধাপ : স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

দ্বিতীয় ধাপ : ২৮ -এর এককের অঙ্ক ৮-কে ৬ দিয়ে গুণ।

$$৮ \times ৬ = ৪৮ \rightarrow ৪০ + ৮ \rightarrow ৪ \text{ দশ } ৮$$

গুণফলের এককের ঘরে ৮ লেখো।

‘হাতে রাখা’ ৪ -কে দশকের ঘরের ঠিক উপরে

○ চিহ্নের মধ্যে লিখে রাখো।

$$\begin{array}{r}
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 \quad \quad ২ \quad ৬ \\
 \times \quad \quad \quad ৬ \\
 \hline
 ১ \quad ৬ \quad ৮
 \end{array}$$

তৃতীয় ধাপ : ২৮-এর দশকের অঙ্ক ২-কে ৬ দিয়ে গুণ।

$$২ \times ৬ = ১২$$

এই ১২-এর সাথে 'হাতে রাখা' ৪ যোগ করো।

$১২ + ৪ = ১৬$ -এর ৬ -কে গুণফলের দশকের ঘরে লেখো। ১ -কে গুণফলের শতকের ঘরে লেখো।

সুতরাং, $২৮ \times ৬ = ১৬৮$

উদাহরণ ৫। স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল নির্ণয় করো : ৫৯×৮

$$\begin{array}{r}
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 \quad \quad ৫ \quad ৯ \\
 \times \quad \quad \quad ৮ \\
 \hline
 ৪ \quad ৭ \quad ২
 \end{array}$$



SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

সুতরাং, $৫৯ \times ৮ = ৪৭২$

উদাহরণ ৬।



একটি থালায় ১৮টি বিস্কুট আছে। এরকম ৯টি থালায় মোট কতগুলি বিস্কুট থাকবে?

মোট বিস্কুটের সংখ্যা নির্ণয় করতে হলে ১৮-কে ৯ বার নিয়ে যোগ করতে হবে। অর্থাৎ ১৮×৯ নির্ণয় করতে হবে। সুতরাং, গণিতের

ভাষায় সমস্যাটি হল : $১৮ \times ৯ =$ কত?

সমাধান :

$$\begin{array}{r}
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 \quad \quad ১ \quad ৮ \\
 \times \quad \quad \quad ৯ \\
 \hline
 ১ \quad ৬ \quad ২
 \end{array}$$

উত্তর : ৯টি থালায় মোট ১৬২টি বিস্কুট থাকবে।

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের সমস্যাটির ছবিতে ঘটনার বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত সংখ্যার সঙ্গে ছবির মিল নেই।

অনুশীলনী

১। নীচের ছকে প্রদত্ত সংখ্যাগুলিকে স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল নির্ণয় করো।

(ক) ২১×৪ (খ) ৩৩×৩ (গ) ২২×৩ (ঘ) ৪২×২ (ঙ) ৪৩×২

দ এ	দ এ	দ এ	দ এ	দ এ
×	×	×	×	×

(চ) ২৫×৩ (ছ) ৩৬×২ (জ) ২৩×৪ (ঝ) ২৬×৩ (ঞ) ২৯×৩

○	○	○	○	○
দ এ	দ এ	দ এ	দ এ	দ এ
×	×	×	×	×


(ট) ৩৭×৪ (ঠ) ৪৬×৫ (ড) ৫৩×৭ (ঢ) ৬৯×৭ (ণ) ৭৮×৯

○	○	○	○	○
শ দ এ	শ দ এ	শ দ এ	শ দ এ	শ দ এ
×	×	×	×	×

২। স্লেটে বা খাতায় স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল নির্ণয় করো।

(ক) ২২×৪ (খ) ৩২×৩ (গ) ৩৪×২ (ঘ) ২৪×২ (ঙ) ৪২×২
 (চ) ২৬×৩ (ছ) ২৪×৩ (জ) ১৯×৫ (ঝ) ১৪×৬ (ঞ) ১২×৮
 (ট) ৮১×৫ (ঠ) ৪২×৩ (ড) ৫৪×২ (ঢ) ৭২×৪ (ণ) ৬৪×২
 (ত) ২৯×৮ (থ) ৩৬×৭ (দ) ৪৫×৯ (ধ) ৮৪×৬ (ন) ৯৯×৯

৩। গণিতের ভাষায় প্রকাশ করে নীচের সমস্যাগুলি সমাধান করো।

	ছবিতে ও কথায় লেখা সমস্যা	গণিতের ভাষায় লিখে সমাধান
(ক)	 <p>৩৪টি ফুল দিয়ে এক-একটি মালা গাঁথতে হবে। এরকম ২টি মালা গাঁথতে কতগুলি ফুল জোগাড় করতে হবে?</p>	
(খ)	 <p>এক একটি বেগুন গাছে ৬টি করে বেগুন ফলেছে। এরকম ৯টি বেগুন গাছে মোট ক-টি বেগুন ফলেছে?</p>	
(গ)	 <p>একটি বাসে ৫৪ জন যাত্রী বসতে পারেন। এরকম ২টি বাসে মোট কতজন যাত্রী বসতে পারবেন?</p>	

SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের সমস্যাগুলির ছবিতে ঘটনা বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত সংখ্যার সঙ্গে ছবির মিল নেই।

৪। নীচের সমস্যাগুলিকে গণিতের ভাষায় প্রকাশ করে সমাধান করো :

- (ক) একটি শ্রেণিকক্ষে ৩২টি বেঞ্চ আছে। এরকম ২টি শ্রেণিকক্ষে মোট ক-টি বেঞ্চ আছে?
- (খ) একটি বাগানে এক একটি ফুলগাছে ১৭টি করে ফুল ফুটেছে। এরকম ৫টি ফুলগাছে মোট ক-টি ফুল ফুটেছে?
- (গ) এক এক থোকায় ৮১টি করে লিচু আছে। এরকম ৮টি থোকায় মোট ক-টি লিচু আছে?
- (ঘ) একটি খাতা তৈরি করতে ২৪টি কাগজ লাগে। এরকম ৭টি খাতা তৈরি করতে মোট ক-টি কাগজ লাগবে?
- (ঙ) একটি বাসে ৩৭ জন বসতে পারে। এরকম ৭টি বাসে মোট কতজন বসতে পারবে?

ত্রয়োদশ পাঠ একক

তৃতীয় উপ-একক : তিন অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ

আলোচনার শুরুতে ১০০-কে কোনো এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল কত হবে তা জেনে নেব। যেহেতু ১০০-এর একক ও দশক উভয় ঘরের অঙ্কই শূন্য, তাই ১০০-কে কোনো এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করলে গুণফলের একক ও দশক উভয় ঘরের অঙ্কই শূন্য হবে। আবার, ১ কে কোনো সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল হিসাবে ওই সংখ্যাই ফিরে আসে। তাই ১০০-কে কোনো এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করলে গুণফলের শতকের ঘরে ওই এক অঙ্কের সংখ্যাটিই বসবে।

যেমন, $১০০ \times ২ = ২০০$, $১০০ \times ৩ = ৩০০$, ইত্যাদি।

অন্যভাবে লেখা যায়,

শ	দ	এ		শ	দ	এ	ইত্যাদি।
১	০	০		১	০	০	
×		২	,	×		৩	
২	০	০		৩	০	০	

এবার, তিন অঙ্কের যেকোনো সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করে গুণফল নির্ণয়ের পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হবে।



উদাহরণ ১। $২৩৭ \times ৪ =$ কত?

শ	দ	এ	
২	৩	৭	
×		৪	

শ	দ	এ	
২	৩	৭	
×		৪	
			৮

শ	দ	এ	
২	৩	৭	
×		৪	
	৪		৮

প্রথম ধাপ :

স্থানীয়মান অনুসারে বড়ো সংখ্যার নীচে ছোটো সংখ্যা লেখো।

দ্বিতীয় ধাপ :

২৩৭-এর এককের অঙ্ক ৭-কে ৪ দিয়ে গুণ।
 $৭ \times ৪ = ২৮$; গুণফলের এককের ঘরে ৮ লেখো।
 হাতে রাখা ২-কে দশকের ঘরের ঠিক উপরে ○ চিহ্নের মধ্যে লেখো।

তৃতীয় ধাপ :

২৩৭-এর দশকের অঙ্ক ৩-কে ৪ দিয়ে গুণ।
 $৩ \times ৪ = ১২$
 ১২ -এর সাথে হাতে রাখা ২ যোগ করো।
 $১২ + ২ = ১৪$
 গুণফলের দশকের ঘরে ৪ লেখো। হাতে রাখা ১-কে শতকের ঘরের ঠিক উপরে ○ চিহ্নের মধ্যে লেখো।

$$\begin{array}{r}
 \textcircled{১} \quad \textcircled{২} \\
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 ২ \quad ৩ \quad ৭ \\
 \times \quad \quad ৪ \\
 \hline
 ৯ \quad ৪ \quad ৮
 \end{array}$$

চতুর্থ ধাপ : ২৩৭ -এর শতকের অঙ্ক ২ -কে ৪ দিয়ে গুণ।

$$২ \times ৪ = ৮$$

এই ৮-এর সাথে হাতে রাখা ১ যোগ করো।

$$৮ + ১ = ৯$$

গুণফলের শতকের ঘরে ৯ লেখো।

সুতরাং, $২৩৭ \times ৪ = ৯৪৮$

বি: দ্র: এই ধরনের গুণফল নির্ণয় আমরা নীচের উদাহরণ ২, ৩ -এর মতো করব।

উদাহরণ ২। $১০৯ \times ৬ =$ কত?

উদাহরণ ৩। $১৬৩ \times ৩ =$ কত?

$$\begin{array}{r}
 \textcircled{৫} \\
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 ১ \quad ০ \quad ৯ \\
 \times \quad \quad ৬ \\
 \hline
 ৬ \quad ৫ \quad ৪
 \end{array}$$



$$\begin{array}{r}
 \textcircled{১} \\
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 ১ \quad ৬ \quad ৩ \\
 \times \quad \quad ৩ \\
 \hline
 ৪ \quad ৮ \quad ৯
 \end{array}$$

সুতরাং, $১০৯ \times ৬ = ৬৫৪$

সুতরাং, $১৬৩ \times ৩ = ৪৮৯$

উদাহরণ ৪।



একটি বই-এর ১৫৬ পাতা আছে। এরকম ৬টি বই-এর মোট পাতার সংখ্যা কত?

গণিতের ভাষায় সমস্যাটি হল : $১৫৬ \times ৬ =$ কত?

সমাধান : $\textcircled{৩} \quad \textcircled{৩}$

$$\begin{array}{r}
 \text{শ} \quad \text{দ} \quad \text{এ} \\
 ১ \quad ৫ \quad ৬ \\
 \times \quad \quad ৬ \\
 \hline
 ৯ \quad ৩ \quad ৬
 \end{array}$$

উত্তর : ৬টি বই-এর মোট ৯৩৬টি পাতা আছে।

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের সমস্যাটির ছবিতে ঘটনা বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত সংখ্যার সঙ্গে ছবির মিল নেই।

অনুশীলনী

১। স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল নির্ণয় করো।

(ক) 102×8

(খ) 283×2

(গ) 312×3

(ঘ) 823×2

(ঙ) 222×8

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

(চ) 318×3

(ছ) 282×3

(জ) 125×6

(ঝ) 168×5

(ঞ) 299×3



শ	দ	এ
×		

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

শ	দ	এ
×		

২। স্থানীয়মান অনুসারে সাজিয়ে গুণফল নির্ণয় করো।

(ক) 111×5

(খ) 231×3

(গ) 333×2

(ঘ) 182×8

(ঙ) 126×9

(চ) 219×3

(ছ) 108×8

(জ) 132×5

(ঝ) 198×8

(ঞ) 225×8

৩। গণিতের ভাষায় প্রকাশ করে নীচের সমস্যাগুলি সমাধান করো।

	ছবিতে ও কথায় লেখা সমস্যা	গণিতের ভাষায় লিখে সমাধান
(ক)	 <p>একেকটি আম গাছে ২২১টি আম ফলেছে। এরকম ৪টি আম গাছে মোট ক-টি আম ফলেছে?</p>	
(খ)	 <p>তোমাদের বিদ্যালয়ের ১২১ জন ছাত্রছাত্রীর প্রত্যেককে ৬টি করে পেনসিল দিতে হলে কতগুলি পেনসিল লাগবে?</p>	

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের সমস্যাটির ছবিতে ঘটনা বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত সংখ্যার সঙ্গে ছবির মিল নেই।

চতুর্দশ পাঠ একক

ইংরেজি ভাষায় সংখ্যা পরিচিতি

প্রথম শ্রেণিতে তোমাদের ১ থেকে ২০ পর্যন্ত ইংরেজি ভাষায় সংখ্যা পরিচিতি হয়েছে। এই পাঠ এককে তোমরা ২১ থেকে ৫০ এবং আরও কয়েকটি সংখ্যা ইংরেজি ভাষায় পড়তে ও লিখতে শিখবে।

বাংলায়		ইংরেজিতে	
সংখ্যা	সংখ্যার নাম	Number	Number Name (in word)
২১	একুশ	21	Twenty one
২২	বাইশ	22	Twenty two
২৩	তেইশ	23	Twenty three
২৪	চব্বিশ	24	Twenty four
২৫	পঁচিশ	25	Twenty five
২৬	ছাব্বিশ	26	Twenty six
২৭	সাতাশ	27	Twenty seven
২৮	আঠাশ	28	Twenty eight
২৯	উনত্রিশ	29	Twenty nine
৩০	ত্রিশ	30	Thirty
৩১	একত্রিশ	31	Thirty one
৩২	বত্রিশ	32	Thirty two
৩৩	তেত্রিশ	33	Thirty three

বাংলায়		ইংরেজিতে	
সংখ্যা	সংখ্যার নাম	Number	Number Name (in word)
৩৪	চৌত্রিশ	34	Thirty four
৩৫	পঁয়ত্রিশ	35	Thirty five
৩৬	ছত্রিশ	36	Thirty six
৩৭	সাঁইত্রিশ	37	Thirty seven
৩৮	আটত্রিশ	38	Thirty eight
৩৯	উনচল্লিশ	39	Thirty nine
৪০	চল্লিশ	40	Forty
৪১	একচল্লিশ	41	Forty one
৪২	বিয়াল্লিশ	42	Forty two
৪৩	তেতাল্লিশ	43	Forty three
৪৪	চুয়াল্লিশ	44	Forty four
৪৫	পঁয়তাল্লিশ	45	Forty five
৪৬	ছেচল্লিশ	46	Forty six
৪৭	সাতচল্লিশ	47	Forty seven
৪৮	আটচল্লিশ	48	Forty eight
৪৯	উনপঞ্চাশ	49	Forty nine
৫০	পঞ্চাশ	50	Fifty

বাংলায়		ইংরেজিতে	
সংখ্যা	সংখ্যার নাম	Number	Number Name (in word)
৫২	বাহান	52	Fifty two
৫৭	সাতান্ন	57	Fifty seven
৬৩	তেষটি	63	Sixty three
৬৫	পঁয়ষটি	65	Sixty five
৭৫	পঁচাত্তর	75	Seventy five
৭৬	ছিয়াত্তর	76	Seventy six
৭৯	উনআশি	79	Seventy nine
৮১	একাশি	81	Eighty one
৮৩	তিরিশি	83	Eighty three
৯১	একানব্বই	91	Ninety one
৯৪	চুরানব্বই	94	Ninety four
৯৯	নিরানব্বই	99	Ninety nine
১০০	একশো	100	One hundred

পঞ্চদশ পাঠ একক

প্রথম উপ-একক : বিভিন্ন মুদ্রা ও নোটের পারস্পরিক সম্পর্ক

প্রথম শ্রেণিতে ভারতীয় মুদ্রা ও নোটের সাথে তোমাদের পরিচয় হয়েছে। মুদ্রা ও নোটের বিনিময় এবং কোনো জিনিসের দামের সাথে মুদ্রা ও নোটের সম্পর্ক সম্বন্ধে তোমাদের ধারণা হয়েছে।

নীচে কয়েকটি মুদ্রা ও নোটের ছবি দেওয়া হল, যার মধ্যে কিছু কিছু মুদ্রা ও নোট বর্তমানে ব্যবহৃত হয় না।



মুদ্রার ছবি



নোটের ছবি

টাকা-পয়সার পারস্পরিক সম্পর্ক : ১ টাকা / 1 টাকা = ১০০ পয়সা / 100 পয়সা

অনুশীলনী

১। নীচের ছবি দেখে ফাঁকা ঘরে টাকা-পয়সার মোট মূল্য লেখো। একটি করে দেওয়া হল।

(ক)		(খ)		(গ)	
	<input type="text"/>		<input type="text"/>		2 টাকা 25 পয়সা
(ঘ)		(ঙ)		(চ)	
	<input type="text"/>		<input type="text"/>		<input type="text"/>

২। বাঁদিকে মুদ্রা ও নোটের ছবি এবং ডানদিকে মুদ্রা ও নোটের মোট মূল্য দেওয়া হল। বাঁদিকের ঘরের সঙ্গে তির চিহ্ন দিয়ে ডানদিকের ঘরে লেখা মূল্য জুড়ে দাও। একটি করে দেওয়া হল।

মুদ্রা ও নোটের ছবি	মোট মূল্য
(ক) 	25 টাকা
(খ) 	80 টাকা
(গ) 	5 টাকা 75 পয়সা

মুদ্রা ও নোটের ছবি	মোট মূল্য
(ঘ) 	1 টাকা 60 পয়সা
(ঙ) 	60 টাকা 50 পয়সা
(চ) 	95 টাকা

৩। শূন্যস্থান পূরণ করো :

(ক) 2 টাকা = পয়সা।

(খ) টি পঁচিশ পয়সার মুদ্রার মূল্য = 1 টি এক টাকার মুদ্রা/নোটের মূল্য।

(গ) টি দশ টাকার মুদ্রা/নোটের মূল্য = 2 টি পাঁচ টাকার মুদ্রা/নোটের মূল্য।

(ঘ) 2 টাকা 50 পয়সার মূল্য = টি এক টাকার মুদ্রা/নোটের মূল্য ও টি পঞ্চাশ পয়সার মূল্য।

(ঙ) 75 পয়সার মূল্য = টি পঞ্চাশ পয়সার মুদ্রা ও টি পঁচিশ পয়সার মুদ্রার মূল্য।

(চ) টি দশ টাকার নোট/মুদ্রার মূল্য = একটি 100 টাকা নোটের মূল্য।

(ছ) 25 টাকার মূল্য = টি দশ টাকার মূল্য ও টি পাঁচ টাকার মূল্য।

পঞ্চদশ পাঠ একক

দ্বিতীয় উপ-একক : টাকা-পয়সার যোগ-বিয়োগ

এই উপ-এককে টাকা-পয়সার যোগ-বিয়োগ নিয়ে আলোচনা করা হবে।

	ছবিতে	ভাষায়	সংখ্যায়
উদাহরণ ১।		<p>তোমার কাছে একটি ৫০ পয়সা, একটি ২৫ পয়সা ও একটি ১০ পয়সার মুদ্রা আছে।</p> <p>তোমার কাছে মোট কত পয়সা আছে?</p>	$\begin{array}{r} ৫০ \\ + ২৫ \\ + ১০ \\ \hline ৮৫ \end{array}$ <p>উত্তর : আমার কাছে মোট ৮৫ পয়সা আছে।</p>
উদাহরণ ২।		<p>তোমার কাছে ১৫ টাকা ছিল। স্কুলে যাওয়ার সময় তোমার মা তোমাকে আরও ১০ টাকা দিলেন।</p> <p>তোমার কাছে এখন মোট কত টাকা হল?</p>	$\begin{array}{r} ১৫ \\ + ১০ \\ \hline ২৫ \end{array}$ <p>উত্তর : আমার কাছে মোট ২৫ টাকা হল।</p>
উদাহরণ ৩।		<p>তোমার কাছে ৭৫ পয়সা ছিল। তুমি তোমার বোনকে বেলুন কেনার জন্য ৫০ পয়সা দিলে।</p> <p>তোমার কাছে আর কত পয়সা থাকল?</p>	$\begin{array}{r} ৭৫ \\ - ৫০ \\ \hline ২৫ \end{array}$ <p>উত্তর : আমার কাছে ২৫ পয়সা থাকল।</p>

উদাহরণ ৪। যোগ করো : ৩২ টাকা ৫০ পয়সা, ১০ টাকা ২০ পয়সা, ৭ টাকা ৩০ পয়সা

	টাকা	পয়সা
	৩২	৫০
+	১০	২০
+	৭	২৫
৪৯		৯৫

প্রথম ধাপ : টাকার নীচে টাকা এবং পয়সার নীচে পয়সা লেখো।

দ্বিতীয় ধাপ : ৫০ প.

তৃতীয় ধাপ : ৩২ টা.

+ ২০ প.

+ ১০ টা.

+ ২৫ প.

+ ৭ টা.

৯৫ প.

৪৯ টা.

উঃ ৪৯ টাকা ৯৫ পয়সা।

উদাহরণ ৫। বিয়োগ করো : ৯৯ টাকা ৯৫ পয়সা থেকে ৮৯ টাকা ৮৫ পয়সা

	টাকা	পয়সা
	৯৯	৯৫
-	৮৯	৮৫
১০		১০

প্রথম ধাপ : টাকার নীচে টাকা এবং পয়সার নীচে পয়সা লেখো।

দ্বিতীয় ধাপ : ৯৫ প.

তৃতীয় ধাপ : ৯৯ টা.

- ৮৫ প.

- ৮৯ টা.

১০ প.

১০ টা.

উঃ ১০ টাকা ১০ পয়সা।

অনুশীলনী

১। যোগফল নির্ণয় করো :

(ক) ৩৫ পয়সা + ৫০ পয়সা + ১২ পয়সা

(খ) ৩৫ টাকা + ২৭ টাকা + ২৫ টাকা

২। যোগ করো :

(ক) ১৩ টাকা ২০ পয়সা , ১১ টাকা ৭০ পয়সা

(খ) ১২ টাকা ২৫ পয়সা, ২২ টাকা ৬০ পয়সা, ১১ টাকা ১০ পয়সা

(গ) ৩৭ টাকা ২৭ পয়সা, ১২ টাকা ২৫ পয়সা, ১০ টাকা ২০ পয়সা

৩। বিয়োগফল নির্ণয় করো :

(ক) ৬৫ পয়সা – ২৭ পয়সা

(খ) ৮৮ টাকা – ৪৯ টাকা

৪। বিয়োগ করো :

(ক) ১৩ টাকা ৬০ পয়সা থেকে ২ টাকা ৩০ পয়সা।

(খ) ২৫ টাকা ৫০ পয়সা থেকে ১৩ টাকা ২৫ পয়সা।

(গ) ৭৭ টাকা ৭০ পয়সা থেকে ৫৮ টাকা ৫৫ পয়সা।

	ছবিতে	সমস্যা	গণিতের ভাষায় সমাধান
(ক)		রমার বাবা বাজারে গিয়ে ১০ টাকা ২৫ পয়সার ডাল ও ৭ টাকা ৫০ পয়সার আলু কিনলেন। রমার বাবা বাজারে কত টাকা কত পয়সা খরচ করলেন?	
(খ)		তোমার কাছে ১৭ টাকা ৭৫ পয়সা ছিল। তুমি ৮ টাকা ৫০ পয়সা দিয়ে খাতা কিনেছ। তোমার কাছে আর কত টাকা কত পয়সা আছে?	
(গ)		পূজোয় বেড়াতে গিয়ে তুমি ৭০ টাকার জামা, ২৭ টাকা ৫০ পয়সা দিয়ে খেলনা এবং ২ টাকা ২৫ পয়সা দিয়ে বেলুন কিনেছ। তোমার মোট কত টাকা কত পয়সা খরচ হল?	
(ঘ)		সালামের কাছে ৩৫ টাকা ৫০ পয়সা ছিল। সালাম তার বন্ধু সৃজনকে ১৭ টাকা ২৫ পয়সা দিল। সালামের কাছে আর কত টাকা কত পয়সা রইল?	

ষোড়শ পাঠ একক

প্রথম উপ-একক : দৈর্ঘ্য পরিমাপ

দৈর্ঘ্য পরিমাপের প্রয়োজনীয়তা

লম্বা ও খাটোর ধারণা থেকে তোমরা বলতে পারবে ছবি-১-এ কলমের চেয়ে পেনসিল লম্বা, চকের চেয়ে কলম লম্বা অথবা পেনসিলের চেয়ে কলম খাটো, কলমের চেয়ে চক খাটো। এভাবে পেনসিল ও চকের মধ্যে কোনটি কার চেয়ে লম্বা বা খাটো তা বলতে পারবে।

এখন, কলমের চেয়ে পেনসিল ঠিক কতটা বেশি লম্বা অথবা পেনসিলের চেয়ে কলম ঠিক কতটুকু খাটো তা জানতে চাইলে নির্দিষ্ট করে কিছু বলা যাচ্ছে না। তবে চিহ্নিত রেখা বরাবর দেখলে এ বিষয়ে একটা আন্দাজ করা যাচ্ছে। পেনসিল ও চক কিংবা কলম ও চকের ক্ষেত্রেও এ বিষয়ে নির্দিষ্ট করে কিছু বলা সম্ভব নয়।

কোনটি কার চেয়ে কত বেশি লম্বা বা খাটো তা সুনির্দিষ্ট ভাবে বলতে গেলে এদের প্রত্যেকটির **দৈর্ঘ্য** (কতটা লম্বা) পরিমাপের প্রয়োজন।



দৈর্ঘ্য পরিমাপে প্রমাণ মাপকাঠি বা স্কেলের প্রয়োজনীয়তা

শিক্ষক মহাশয় শ্রেণিকক্ষের একজন ছাত্রীকে টেবিলটি কত লম্বা তা হাত দিয়ে মাপতে বললেন। ছাত্রীটি হাত দিয়ে মেপে বলল “টেবিলটি প্রায় ৪ হাত লম্বা” (ছবি-২)।



ছবি-২



ছবি-৩

শিক্ষক মহাশয় ওই টেবিলের দৈর্ঘ্য তাঁর নিজের হাতের সাহায্যে মেপে বললেন “টেবিলটি প্রায় ৩ হাত লম্বা” (ছবি-৩)।

এতে টেবিলের সঠিক মাপ বোঝা গেল না। কিন্তু কেন এমন হল? কারণ ছাত্রীর হাতের দৈর্ঘ্য, শিক্ষকের হাতের দৈর্ঘ্যের চেয়ে ছোটো। এবার ছাত্রী ও শিক্ষক উভয়েই যদি একই মাপের একটি পেনসিল দিয়ে টেবিলটি মাপেন তবে কি ফল হয় তা দেখো।



ছাত্রী পেনসিলটি দিয়ে মেপে বলল
টেবিলটি ৭ পেনসিল লম্বা



শিক্ষক মহাশয় ওই পেনসিল দিয়ে মেপে বললেন
টেবিলটি ৭ পেনসিল লম্বা



এবার টেবিলের সঠিক মাপ বোঝা গেল। কারণ এবার দুজন একই মাপকাঠি দিয়ে মেপেছে।

পেনসিল, হাত এগুলি প্রমাণ মাপকাঠি নয়। তাই কোনো কিছুর দৈর্ঘ্য পরিমাপ করতে গেলে একটি নির্দিষ্ট দৈর্ঘ্যের মাপকে প্রমাণ হিসাবে ধরতে হবে। এই নির্দিষ্ট দৈর্ঘ্যকে প্রমাণ মাপকাঠি বা স্কেল বলা হয়। আন্তর্জাতিক পদ্ধতিতে সারা পৃথিবীতে একটি নির্দিষ্ট দৈর্ঘ্যকে দৈর্ঘ্য পরিমাপের একক হিসাবে ধরা হয়। এই নির্দিষ্ট দৈর্ঘ্যকে ১ মিটার বলা হয়।

দৈর্ঘ্য পরিমাপের প্রমাণ বা মূল এককের নাম মিটার

মিটার, সেন্টিমিটার ও কিলোমিটার

১ মিটার দৈর্ঘ্যকে সমান ১০০ ভাগে ভাগ করে এক এক ভাগকে ১ সেন্টিমিটার বলা হয়।

অর্থাৎ, ১ মিটার = ১০০ সেন্টিমিটার

আবার, ১ মিটারের ১০০০ গুণকে ১ কিলোমিটার বলে।


অর্থাৎ, ১ কিলোমিটার = ১০০০ মিটার

সংক্ষেপে, মিটার-কে **মি.**, সেন্টিমিটার-কে **সেমি.** ও কিলোমিটার-কে **কিমি.** লেখা হয়।

সুতরাং, **১ কিমি. = ১০০০ মি.** এবং **১ মি. = ১০০ সেমি.**

নীচে মিটার স্কেলের একটি অংশের ছবি দেওয়া হল।

যেদিকে mm/cm লেখা আছে সেদিকে 1, 2, 3..... ইত্যাদি সংখ্যাগুলো দিয়ে সেন্টিমিটারের মাপ দেখানো হয়েছে।



বি.দ্র.ঃ দরজির দোকানে ১ মিটার দৈর্ঘ্যের মাপকাঠি বা স্কেল দেখতে পাবে। দৈর্ঘ্য পরিমাপের জন্য সেমি, মিটার ইত্যাদি লেখা এক ধরনের ফিতেও ব্যবহার করা হয়। লম্বা, চওড়া, প্রস্থ, উচ্চতা ইত্যাদির পরিমাপ করতেও আমরা দৈর্ঘ্য পরিমাপের ধারণা প্রয়োগ করি।

সেমি., মিটার স্কেল দিয়ে দৈর্ঘ্য পরিমাপ



তুলির দৈর্ঘ্য: ১২ সেমি.

পেনসিলের দৈর্ঘ্য: ১০ সেমি.

টুথব্রাশের দৈর্ঘ্য: ৯ সেমি.

কলমের দৈর্ঘ্য: ৭ সেমি.

চকের দৈর্ঘ্য: ৫ সেমি.

ছবি থেকে দেখো, পেনসিলের চেয়ে তুলি ২ সেমি. বেশি লম্বা অথবা তুলির চেয়ে পেনসিল ২ সেমি. খাটো।

আবার, পেনসিলের চেয়ে চক ৫ সেমি. খাটো অথবা পেনসিল চকের চেয়ে ৫ সেমি. বেশি লম্বা।

এভাবে, অন্যান্য ছবির ক্ষেত্রে কোনটি কার চেয়ে কত বেশি লম্বা অথবা খাটো তা নিজেরা বের করো।

মিটারকে সেন্টিমিটারে পরিণত করা

তোমরা জেনেছ, ১ মিটার = ১০০ সেমি.।

এখন, $২ \times ১০০ = ২০০$, $৫ \times ১০০ = ৫০০$

সুতরাং, ২ মিটার = ২০০ সেমি, ৫ মিটার = ৫০০ সেমি, ইত্যাদি।

দৈর্ঘ্য সম্পর্কিত যোগ ও বিয়োগ

যেভাবে তোমরা দুটি সংখ্যার যোগ ও বিয়োগ শিখেছ, সেভাবেই দৈর্ঘ্য সম্পর্কিত যোগ ও বিয়োগ করতে হবে। তবে যোগফল বা বিয়োগফলের পরে সঠিক একক লিখতে হবে। নীচের উদাহরণগুলি দেখো।

উদাহরণ ১। ৮ মি. ৩৫ সেমি. ও
৪ মি. ২৮ সেমি. -এর
যোগফল বের করো।

	মি.	সেমি.
	৮	৩৫
+	৪	২৮
<hr/>		
	১২	৬৩

উদাহরণ ২। ১২ মি. ৫৫ সেমি. থেকে
৮ মি. ৩৭ সেমি. বিয়োগ করো।



	মি.	সেমি.
	১২	৫৫
-	৮	৩৭
<hr/>		
	৪	১৮

উত্তরঃ ১২ মি. ৬৩ সেমি.

উত্তরঃ ৪ মি. ১৮ সেমি.

উদাহরণ ৩।



সীমার বাবা ১ মি. ৬৭ সেমি. এবং সীমা ১ মি. ১৪ সেমি. লম্বা। সীমার চেয়ে সীমার বাবা কত বেশি লম্বা?

এখানে ১ মি. ৬৭ সেমি. থেকে
১ মি. ১৪ সেমি. বিয়োগ করতে হবে।


	মি.	সেমি.
	১	৬৭
-	১	১৪
<hr/>		
		৫৩

উত্তরঃ সীমার বাবা সীমার চেয়ে
৫৩ সেমি. বেশি লম্বা।

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের উদাহরণটির ছবিতে ঘটনাটি বর্ণনা করা হয়েছে মাত্র। সম্পর্কিত দৈর্ঘ্যের সঙ্গে ছবির মিল নেই।

অনুশীলনী

১।



উপরের ছবিগুলি দেখো। জিনিসগুলির দৈর্ঘ্যের মাপ স্কেলে কত দেখাচ্ছে তা দেখে ফাঁকা ঘরে বসানো।

(ক) কলমের দৈর্ঘ্যের মাপ সেমি. (গ) চকের দৈর্ঘ্যের মাপ সেমি.

(খ) পেনসিলের দৈর্ঘ্যের মাপ সেমি. (ঘ) ছুরির দৈর্ঘ্যের মাপ সেমি.

২। নীচের ছকে কয়েকটি জিনিসের নাম দেওয়া আছে। ওই জিনিসগুলি কতটা লম্বা ও চওড়া তা স্কেলে মেপে ফাঁকা ঘরগুলিতে নির্দেশ মতো লেখো।

জিনিসের নাম	লম্বা (সেমি.)	চওড়া (সেমি.)	লম্বা ও চওড়ার পার্থক্য (সেমি.)
সহজ পাঠ (২য় ভাগ)			
কিশলয়			
নব গণিত মুকুল (২য় শ্রেণি)			
তোমাদের শ্রেণিকক্ষের টেবিল			
তোমার বাংলা খাতা			

শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : উপরের সমস্যাটি সমাধানের আগে ছাত্রছাত্রীদের বই, খাতা, টেবিল ইত্যাদির মাধ্যমে “লম্বা” ও “চওড়া”-এর ধারণা দিন।

৩। যোগফল নির্ণয় করো :

(ক) ৬৬মি. + ১৮মি. (খ) ৭৩মি. + ১৯মি.

৪। বিয়োগফল নির্ণয় করো :

(ক) ৩৭মি. - ২২মি. (খ) ৪৮মি. - ২৯মি.

৫। যোগ করো :

(ক) ৪৮মি. ৭৫ সেমি. , ২০মি. ১৫ সেমি.

(খ) ৭৩মি. ৫৮ সেমি. , ১৬মি. ৪০ সেমি.

৬। বিয়োগ করো :

(ক) ৩৭মি. ৩৬ সেমি. থেকে ২২মি. ২৪ সেমি.

(খ) ৮৫মি. ৮০ সেমি. থেকে ৬৩মি. ৫৩ সেমি.

৭। গণিতের ভাষায় প্রকাশ করে সমাধান করো। একটি করে দেওয়া হল।

(ক) সমীরের জামার জন্য ২ মি. এবং তার বোনের ফ্রকের জন্য ৪ মি. ছিট কাপড় লাগবে। তাদের দুজনের জন্য মোট কত ছিট কাপড় লাগবে?	গণিতের ভাষায়, $২ + ৪ = ৬$ কত? সমাধানঃ $২ + ৪ = ৬$ উত্তরঃ মোট ৬ মি. ছিট কাপড় লাগবে।
(খ) বাজার থেকে রহমানের বাবা ১২ মিটার ছিট কাপড় কিনে এনেছেন। তা থেকে দরজি, রহমানের জামার জন্য ৪ মিটার কাপড় কেটে নিয়েছেন। আর কত কাপড় রয়েছে?	
(গ) ৮ মিটার লম্বা একটি বাঁশ থেকে ৫ মিটার লম্বা একটি টুকরো কেটে নিলে বাকি টুকরোটির দৈর্ঘ্য কত হবে?	
(ঘ) সনাতন ঘুড়ি ওড়ানোর জন্য ৫০০ মিটার সুতো লাটাই-এ জড়িয়েছিল। ১৫৯ মিটার সুতো নিয়ে ঘুড়িটি কেটে গেছে। লাটাই-এ এখন কত মিটার সুতো রয়েছে?	

৮। গণিতের ভাষায় প্রকাশ করে সমাধান করো।

(ক) গাঁয়ের লোকেরা গত সপ্তাহে ৫৫ মি. লম্বা সেচের খাল কেটেছিল। এ সপ্তাহে তারা আরও ৭২ মি. খাল কেটেছে। তারা দুসপ্তাহে মোট কত লম্বা খাল কেটেছে?

(খ) একটি ১৫ মি. ৭০ সেমি. ফিতে থেকে ৮ মি. ৫০ সেমি. টুকরো কেটে নিলে কতটা ফিতে পড়ে থাকবে?

(গ) ৩৫৭ মি. লম্বা একটি রাস্তার ২২৫ মি.-এ পিচ ঢালাই হয়েছে। কত মিটার রাস্তা পিচ ঢালাই করতে বাকি আছে?

(ঘ) তোমাদের বিদ্যালয়ে ৫২৫ মি. লম্বা দেওয়ালটির ৩১০ মি. তৈরি হয়েছে। আর কত মিটার দেওয়াল তৈরি হতে বাকি আছে?

ষোড়শ পাঠ একক

দ্বিতীয় উপ-একক : ভর পরিমাপ

ভর পরিমাপের প্রয়োজনীয়তা



কুমড়ো



পেঁপে




তরমুজ



কুমড়ো ভারী পেঁপে হালকা
ছবি-১



পেঁপে হালকা তরমুজ ভারী
ছবি-২



তরমুজ হালকা কুমড়ো ভারী
ছবি-৩

হালকা-ভারীর ধারণা ও একটি দাঁড়িপাল্লার সাহায্যে তোমরা বলে দিতে পারবে কুমড়োর চেয়ে পেঁপে হালকা অথবা পেঁপের চেয়ে কুমড়ো ভারী (ছবি-১)। পেঁপের চেয়ে তরমুজ ভারী অথবা তরমুজের চেয়ে পেঁপে হালকা (ছবি-২)। কিংবা কুমড়োর চেয়ে তরমুজ হালকা অথবা তরমুজের চেয়ে কুমড়ো ভারী (ছবি-৩)।

কিন্তু পেঁপের চেয়ে কুমড়ো কত বেশি ভারী অথবা কুমড়োর চেয়ে পেঁপে কতটা হালকা এখান থেকে নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়। একই কথা পেঁপে ও তরমুজ কিংবা তরমুজ ও কুমড়োর ক্ষেত্রেও বলা যায়।

ভারী বা হালকা সম্পর্কে নির্দিষ্টভাবে বলতে গেলে এদের প্রত্যেকের **ভর** (কোন বস্তু যে উপাদানে তৈরি তার পরিমাণ) পরিমাপ করতে হবে।

সুতরাং, দুই বা তার বেশি বস্তুর ভরের তুলনা করতে গেলে ভর পরিমাপের প্রয়োজন।

বি.দ্র. : চলতি কথায় ভরকে ওজন বলা হয়। তাই এই বইতে ভরের পরিবর্তে ওজন কথাটি ব্যবহার করা হবে।

ভর পরিমাপে প্রমাণ এককের প্রয়োজনীয়তা

কুমড়োর ওজন কয়েকটি ইঁটের টুকরোর সাহায্যে পরিমাপ করে দেখা গেল কুমড়োর ওজন তিনটি ইঁটের টুকরোর ওজনের সমান (ছবি-৪)।

আবার, ওই কুমড়োকে কয়েকটি লোহার রডের টুকরোর সাহায্যে মেপে দেখা গেল কুমড়োটির ওজন ৫টি টুকরোর ওজনের সমান (ছবি-৫)।

এখান থেকে কুমড়োর ওজন সম্পর্কে কোন সঠিক সিদ্ধান্ত করা যাচ্ছে না। কারণ, বিভিন্ন ওজনের সাহায্যে কুমড়োকে মাপা হয়েছে।

একইভাবে বিভিন্ন ওজনের সাহায্যে পেঁপে ও তরমুজকে পরিমাপ করলে তাদের ওজন সম্পর্কে নিশ্চিত কোন সিদ্ধান্ত করা যাবে না।

তাই, দুটি বস্তুর ওজন সম্পর্কে স্থির সিদ্ধান্ত কিংবা দুটি বস্তুর ওজনের মধ্যে তুলনা করতে গেলে ওই বস্তু দুটিকে একটি প্রমাণ ওজনের সাহায্যে পরিমাপ করতে হবে। এই প্রমাণ ওজন (ভর) হচ্ছে ১ কিলোগ্রাম।

ভর পরিমাপের প্রমাণ বা মূল এককের নাম কিলোগ্রাম

গ্রাম ও কিলোগ্রাম

১ কিলোগ্রামকে সমান ১০০০ ভাগে ভাগ করলে প্রত্যেক ভাগকে ১ গ্রাম বলা হয়।

অর্থাৎ, ১ কিলোগ্রাম = ১০০০ গ্রাম।

সংক্ষেপে, কিলোগ্রাম-কে **কিগ্রা.** এবং গ্রাম-কে **গ্রা.** লেখা হয়।

সুতরাং,

১ কিগ্রা. = ১০০০ গ্রা.

ওজন পরিমাপের বিভিন্ন বাটখারা

আমরা মুদিখানা বা ওই ধরনের অন্য কোন দোকানে গেলে নির্দিষ্ট ওজনের লোহা বা পিতলের কতগুলি বস্তু দেখতে পাই। এদের সাহায্যে বিভিন্ন জিনিসের ওজন মাপা হয়। এই নির্দিষ্ট ওজনের বস্তুগুলিকে বাটখারা বলে।

নীচে কতগুলি বাটখারার ছবি দেওয়া হল।



১ কিগ্রা.



৫০০ গ্রা.



২০০ গ্রা.



১০০ গ্রা.



৫০ গ্রা.



২০ গ্রা.




ইঁটের তিনটি টুকরো কুমড়ো
ছবি-৪




৫টি রডের টুকরো কুমড়ো
ছবি-৫

বাটখারা ও দাঁড়িপাল্লার সাহায্যে ওজন পরিমাপ




১ কিগ্রা. ৫০০ গ্রা. কুমড়ো

ছবি-৬



৫০০ গ্রা. পেঁপে

ছবি-৭



১ কিগ্রা. তরমুজ

ছবি-৮

মেপে দেখা গেল, কুমড়োর ওজন ১ কিগ্রা. ৫০০ গ্রা. (ছবি-৬), পেঁপের ওজন ৫০০ গ্রাম (ছবি-৭), এবং তরমুজের ওজন ১ কিগ্রা. (ছবি-৮)।

বি.দ্র. : ১ গ্রাম-এর চেয়েও ছোট ওজন মাপা হয়। সাধারণত, সোনার গহনার দোকানে এই ধরনের মাপ দেখা যায়। এখন বিদ্যুৎ চালিত এক ধরনের ওজন পরিমাপ-যন্ত্রের ব্যবহার হয়, যেখানে কোন বাটখারার প্রয়োজন হয় না।



SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

ওজন সম্পর্কিত যোগ ও বিয়োগ

দুটি সংখ্যার যোগ ও বিয়োগ যেভাবে করেছ, দুটি ওজনের যোগ ও বিয়োগ সেভাবেই করতে হবে। পার্থক্য একটাই, এখানে যোগফল বা বিয়োগফলের সাথে ওজনের একক দিতে হবে। নীচের উদাহরণগুলি দেখো।

উদাহরণ ১। ৩ কিগ্রা. ২২৫ গ্রা. ও ৪ কিগ্রা. ৩৮০ গ্রা.-এর যোগফল বের করো।

$$\begin{array}{r}
 \text{কিগ্রা.} \quad \text{গ্রা.} \\
 ৩ \quad ২২৫ \\
 + \quad ৪ \quad ৩৮০ \\
 \hline
 ৭ \quad ৬০৫
 \end{array}$$

উত্তর : ৭ কিগ্রা. ৬০৫ গ্রা.

উদাহরণ ২। ৮ কিগ্রা. ৩৭৫ গ্রা. থেকে ৩ কিগ্রা. ২২৫ গ্রা. বিয়োগ করো।

$$\begin{array}{r}
 \text{কিগ্রা.} \quad \text{গ্রা.} \\
 ৮ \quad ৩৭৫ \\
 - \quad ৩ \quad ২২৫ \\
 \hline
 ৫ \quad ১৫০
 \end{array}$$

উত্তর : ৫ কিগ্রা. ১৫০ গ্রা.

উদাহরণ ৩।



অবনী বাবু বাজারে গিয়ে
৫ কিগ্রা. চাল ও ২ কিগ্রা.
মাছ কিনেছেন। তিনি
মোট কত ওজনের
জিনিস কিনেছেন?

মোট ওজন বের করতে হলে ৫
কিগ্রা. ও ২ কিগ্রা. যোগ করতে
হবে।

	কিগ্রা.
	৫
+	২
৯	

উত্তর : ৯ কিগ্রা. জিনিস কিনেছেন।

উদাহরণ ৪।



একজন মাছের ব্যবসায়ী
৩৭ কিগ্রা. মাছ নিয়ে
বাজারে গেলেন। ওখানে
১৯ কিগ্রা. মাছ বিক্রি
হওয়ার পরে তাঁর কাছে
আর কত মাছ থাকবে?

এখানে, ৩৭ কিগ্রা. - ১৯ কিগ্রা.
= কত, তা বের করতে হবে।

	কিগ্রা.
	৩৭
-	১৯
১৮	

উত্তর : ১৮ কিগ্রা. মাছ থাকবে।

অনুশীলনী

১। যোগফল নির্ণয় করো :

(ক) ৩৭৫ গ্রা. + ৪০৫ গ্রা. (খ) ১২ কিগ্রা. + ১৭ কিগ্রা.

২। বিয়োগফল নির্ণয় করো :

(ক) ৫৭৫ গ্রা. - ২৬৫ গ্রা. (খ) ২৫ কিগ্রা. - ১৬ কিগ্রা.

৩। যোগ করো :

(ক) ৩ কিগ্রা. ২২৫ গ্রা. , ৪ কিগ্রা. ৩৮০ গ্রা.

(খ) ৭ কিগ্রা. ৩৬৫ গ্রা. , ৫ কিগ্রা. ১৫৫ গ্রা.

৪। বিয়োগ করো :

(ক) ২৫ কিগ্রা. ৩৭৫ গ্রা. থেকে ১৩ কিগ্রা. ২১৫ গ্রা.

(খ) ১২ কিগ্রা. ৮০০ গ্রা. থেকে ৬ কিগ্রা. ১৭৫ গ্রা.

৫। নীচে কয়েকটি জিনিসের ওজন দেওয়া আছে। নির্দেশ অনুযায়ী খালিঘর পূরণ করো।

নব গণিত মুকুল (২য় শ্রেণি)-এর ওজন ২০০ গ্রা.

কিশলয়ের ওজন ১৮০ গ্রা.

একটি খাতার ওজন ১৫০ গ্রা.

একটি স্লেটের ওজন ৪০০ গ্রা.

(ক) কিশলয়ের চেয়ে নব গণিত মুকুলের ওজন _____ গ্রা. বেশি।

(খ) স্লেটের চেয়ে খাতার ওজন _____ গ্রা. কম।

(গ) খাতার চেয়ে নব গণিত মুকুলের ওজন _____ গ্রা. বেশি।

(ঘ) স্লেটের চেয়ে কিশলয়ের ওজন _____ গ্রা. কম।



SCHOOL EDUCATION DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL

৬। ফাঁকা ঘরে সঠিক সংখ্যা বস। বৈশি ও কম-এর মধ্যে যেটি সঠিক তাতে '✓' চিহ্ন দাও।

(ক) ৫ কিগ্রা. চালের চেয়ে ৭ কিগ্রা. চাল _____ কিগ্রা. বেশি/কম ভারী।

(খ) ২৭৫ গ্রা. ওজনের একটি খাতার চেয়ে ১৫০ গ্রা. ওজনের একটি বই _____ গ্রা. বেশি /কম ভারী।

(গ) ৮০০ গ্রা. হলুদ গুঁড়োর চেয়ে ২৫০ গ্রা. চিনি _____ গ্রা. বেশি / কম ভারী।

(ঘ) ৩ কিগ্রা. তুলোর চেয়ে ২ কিগ্রা. লোহা _____ কিগ্রা. বেশি/কম ভারী।

৭। নীচের সমস্যাগুলি সমাধান করো।

(ক) মালতির ওজন ১৫ কিগ্রা.। তার ছোটোবোনের ওজন ১২ কিগ্রা.। তাদের দুজনের মোট ওজন কত?

(খ) ডেভিডের বাবা বাজার থেকে ৫ কিগ্রা. ৫০০ গ্রা. আটা কিনে এনেছিলেন। তা থেকে ডেভিডের মা ২ কিগ্রা. ২২৫ গ্রা. আটা নিয়ে রুটি তৈরি করলেন। কত ওজনের আটা এখনও রয়েছে?

(গ) রহিম বাজার থেকে ২ কিগ্রা. ৫০০ গ্রা. আলু ও ৩ কিগ্রা. ২৫০ গ্রা. বাঁধাকপি কিনল। সে মোট কত ওজনের জিনিস কিনল?

ষোড়শ পাঠ একক

তৃতীয় উপ-একক : তরলের আয়তন পরিমাপ

তরলের আয়তন পরিমাপের প্রয়োজনীয়তা

কম ও বেশির ধারণা থেকে আমরা বলে দিতে পারব পাশের ছবির ২নং বোতলের চেয়ে ১নং বোতলে বেশি তরল ধরে।

অন্যভাবে বলা হয়, ২নং বোতলের চেয়ে ১নং বোতলের আয়তন বেশি। (কোনো পাত্রে যতখানি তরল ধরে তাকে ওই পাত্রের ধারণক্ষমতা বা **আয়তন** বলে)।



১নং বোতল ২নং বোতল

কিন্তু ২নং বোতলের চেয়ে ১নং বোতলে ঠিক কত বেশি তরল ধরবে তা আমরা নির্দিষ্ট করে কিছু বলতে পারছি না। এদের আয়তনের তুলনা করতে গেলে প্রত্যেকের ধারণ ক্ষমতা বা আয়তন পরিমাপ করতে হবে।

অর্থাৎ দুটি তরলের আয়তনের ক্ষেত্রে কম বা বেশির ধারণাকে নির্দিষ্টভাবে বলতে গেলে আয়তনের পরিমাপের প্রয়োজন।

কোনো আয়তন সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলতে গেলে একটি নির্দিষ্ট আয়তনকে প্রমাণ হিসাবে ধরতে হবে। এই প্রমাণ আয়তনের সাহায্যে অন্যান্য আয়তন পরিমাপ করতে হবে। এই প্রমাণ আয়তন হল ১ লিটার।

আয়তন পরিমাপের এককের নাম লিটার

মিলিলিটার ও লিটার

১ লিটারকে সমান ১০০০ ভাগে ভাগ করলে প্রত্যেক ভাগকে ১ মিলিলিটার বলে।

অর্থাৎ, ১ লিটার = ১০০০ মিলিলিটার।

সংক্ষেপে, 'লিটার'-কে 'লি.' 'মিলিলিটার'-কে 'মিলিলি.' লেখা হয়।

সুতরাং, **১ লি. = ১০০০ মিলিলি.**

মিলিলি. ও লিটার এককে আয়তনের পরিমাপ

বিভিন্ন আয়তন পরিমাপের জন্য নির্দিষ্ট আয়তন বিশিষ্ট কয়েকটি মাপনি চোঙ ব্যবহার করা হয়।



তরলের আয়তন সম্পর্কিত যোগ ও বিয়োগ

উদাহরণ ১। ১১ লি. ৭৫০ মিলিলি. ও ২ লি. ১০০ মিলিলি.-এর যোগফল বের করো।

$$\begin{array}{r} \text{লি.} \quad \text{মিলিলি.} \\ ১১ \quad ৭৫০ \\ + \quad ২ \quad ১০০ \\ \hline ১৩ \quad ৮৫০ \end{array}$$

উত্তর : ১৩ লি. ৮৫০ মিলিলি.।

উদাহরণ ২। একটি বালতিতে ১৭ লিটার ৫০০ মিলিলি. এবং অন্য আর একটি বালতিতে ২৩ লিটার ২৫০ মিলিলি. দুধ আছে। এই দুটি বালতিতে মোট দুধের পরিমাণ কত?

মোট পরিমাণ বের করতে হলে ১৭ লি. ৫০০ মিলিলি. ও ২৩ লি. ২৫০ মিলিলি.-এর যোগফল বের করতে হবে।

$$\begin{array}{r} \text{লি.} \quad \text{মিলিলি.} \\ ১৭ \quad ৫০০ \\ + \quad ২৩ \quad ২৫০ \\ \hline ৪০ \quad ৭৫০ \end{array}$$



উত্তর : দুটি বালতিতে মোট ৪০ লিটার ৭৫০ মিলিলি. দুধ আছে।

উদাহরণ ৩। ৭ লিটার ৬০০ মিলিলি. থেকে ৫ লিটার ২০০ মিলিলি. বিয়োগ করো।

$$\begin{array}{r} \text{লি.} \quad \text{মিলিলি.} \\ ৭ \quad ৬০০ \\ - \quad ৫ \quad ২০০ \\ \hline ২ \quad ৪০০ \end{array}$$

উত্তর : ২ লিটার ৪০০ মিলিলি.

অনুশীলনী

১। যোগফল নির্ণয় করো :

(ক) ৫৩৬ মিলিলি. + ৩৭৮ মিলিলি. (খ) ৮৫ লি. + ৩৭ লি.

২। বিয়োগফল নির্ণয় করো :

(ক) ৭৮৬ মিলিলি. - ৫৪৯ মিলিলি. (খ) ৯৭ লি. - ৭৮ লি.

৩। যোগ করো :

(ক) ৫ লি. ৫০০ মিলিলি. , ২ লি. ২২৫ মিলিলি.

(খ) ৩ লি. ৪৭৭ মিলিলি. , ৪ লি. ৩৮০ মিলিলি.

৪। বিয়োগ করো :

(ক) ৮ লি. ৫০৬ মিলিলি. থেকে ৬ লি. ২১৭ মিলিলি.

(খ) ১২ লি. ৮৭০ মিলিলি. থেকে ৭ লি. ৬৭৯ মিলিলি.

৫। নীচের সমস্যাগুলি সমাধান করো :

(ক) একজন গোয়ালার বাড়িতে দুটি গোরু দুধ দেয়। একদিনে একটি গোরু ৬ লিটার ৫০০ মিলিলি. ও অন্য গোরুটি ৫ লিটার দুধ দেয়। একদিনে ওই দুটি গোরু মোট কতটা দুধ দেয়?



(খ) একটি কলসিতে ১৪ লিটার ৭২৫ মিলিলি. জল ছিল। ওখান থেকে ৯ লিটার ৩৫৬ মিলিলি. জল ব্যবহার করা হল। এখন কলসিতে কত জল আছে?

(গ) একটি জলাধারে ১৮৬ লিটার জল ছিল। ওই জলাধারে আরও ১৭৯ লিটার জল ঢালা হল। এখন জলাধারে কত জল আছে?

(ঘ) একটি শিশিতে ৪০০ মিলিলি. ঔষধ আছে। ওই শিশি থেকে ২১৫ মিলিলি. ঔষধ বের করে নেওয়া হল। এখন শিশিতে কতটা ঔষধ আছে?



সপ্তদশ পাঠ একক

প্রথম উপ-একক : ঘড়ি দেখে সময় পরিমাপ করা ও সময় পরিচিতি

নীচের ছবিটি দেখো ।



শিক্ষক/শিক্ষিকাদের প্রতি : ঘড়ির দিকে দেখিয়ে একটি স্কেল বা লাঠি দিয়ে ডায়াল, ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করাবেন।

ঘড়িতে ছোটো কাঁটা 'ঘন্টা' এবং বড়ো কাঁটা 'মিনিট' নির্দেশ করে।

মন্তব্য : সাধারণত ঘড়িতে ইংরেজি ভাষায় ১ থেকে ১২ পর্যন্ত সংখ্যা লেখা থাকে। আবার কিছু ঘড়িতে রোমান হরফে লেখা থাকে যেমন — I, II, III, IV, ইত্যাদি। বড় হয়ে তোমরা রোমান 'হরফ' সম্বন্ধে জানবে।


ছবিতে	ভাষায় ও সংখ্যায়
	ঘন্টার কাঁটা ২ -এ মিনিটের কাঁটা ১২ -তে এখন সময় ২ টো বা, ২ : ০০
	ঘন্টার কাঁটা ৩ -এ মিনিটের কাঁটা ১২ -তে এখন সময় ৩ টে বা, ৩ : ০০
	ঘন্টার কাঁটা ৪ -এ মিনিটের কাঁটা ১২ -তে এখন সময় ৪ টে বা, ৪ : ০০
	ঘন্টার কাঁটা ৯ -এ মিনিটের কাঁটা ১২ -তে এখন সময় ৯ টা বা, ৯ : ০০

নীচের ছবিগুলো দেখো :

১৫ মিনিট পর পর ঘন্টা ও মিনিটের কাঁটার অবস্থান।



যেকোনো দিন সূর্য ওঠা থেকে পরের দিন ঠিক সূর্য ওঠা পর্যন্ত সময়কে “একদিন” বলা হয়। সাধারণত এই সময়কে ২৪ ঘন্টা ধরা হয়।



ঘড়িতে “একদিনে দু-বার” ১২টা বা 12:00 হয়। মধ্যরাত্রি ১২টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সময়কে am বলা হয়। দুপুর ১২টা থেকে মধ্যরাত্রি ১২টা পর্যন্ত সময়কে pm বলা হয়।

যেমন, সকালবেলায় ঘন্টার কাঁটা 7টায় ও মিনিটের কাঁটা 12টায় থাকলে ওই সময়কে 7 am অর্থাৎ সকাল ৭টা বলা হয়। আবার, সন্ধ্যাবেলায় ঘন্টার কাঁটা 7টায় ও মিনিটের কাঁটা 12টায় থাকলে ওই সময়কে 7 pm বলা হয়। একইভাবে সকাল ১০টা কে লেখা হয় 10 am এবং রাত্রি ১০টা কে লেখা হয় 10 pm।

তোমরা আগে ঘড়িতে দুটি কাঁটা দেখেছ— ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটা। ছবিতে দেখো আর একটি সবু কাঁটা আছে। একে সেকেন্ডের কাঁটা বলা হয়। এই কাঁটা খুব তাড়াতাড়ি ঘোরে। এক মিনিটে সেকেন্ডের কাঁটা গোটা ডায়ালটি একবার ঘুরে আসে। আগের পাতার চিত্রে দেখেছ ঘন্টার কাঁটা বারো ঘন্টায় ডায়ালটি একবার ঘোরে। আবার মিনিটের কাঁটাটি এক ঘন্টায় গোটা ডায়ালটি, অর্থাৎ ডায়ালের ১২টি সংখ্যা একবার ঘুরে আসে। ডায়ালের একটি সংখ্যা থেকে পরের সংখ্যাটিতে যেতে মিনিটের কাঁটার ৫ মিনিট সময় লাগে। তোমরা জানো $১২ \times ৫ = ৬০$; অর্থাৎ, গোটা ডায়ালটি একবার ঘুরতে মিনিটের কাঁটার ৬০ মিনিট সময় লাগে।



৬০ সেকেন্ড = ১ মিনিট

৬০ মিনিট = ১ ঘন্টা

২৪ ঘন্টা = ১ দিন

অনুশীলনী

১। নীচের ছবি দেখে ফাঁকা ঘরগুলি পূরণ করো। একটি করে দেওয়া হল।

<p>(ক)</p>  <p>ঘন্টার কাঁটা <input type="text" value="10"/> - এ মিনিটের কাঁটা <input type="text" value="12"/> - তে এখন সময় <input type="text" value="১০টা"/> বা, <input type="text" value="10:00"/></p>	<p>(খ)</p>  <p>ঘন্টার কাঁটা <input type="text"/> - এ মিনিটের কাঁটা <input type="text"/> - তে এখন সময় <input type="text"/> বা, <input type="text"/></p>
<p>(গ)</p>  <p>ঘন্টার কাঁটা <input type="text"/> - এ মিনিটের কাঁটা <input type="text"/> - তে এখন সময় <input type="text"/> বা, <input type="text"/></p>	<p>(ঘ)</p>  <p>ঘন্টার কাঁটা <input type="text"/> - এ মিনিটের কাঁটা <input type="text"/> - তে এখন সময় <input type="text"/> বা, <input type="text"/></p>
<p>(ঙ)</p>  <p>ঘন্টার কাঁটা <input type="text"/> - এ মিনিটের কাঁটা <input type="text"/> - তে এখন সময় <input type="text"/> বা, <input type="text"/></p>	<p>(চ)</p>  <p>ঘন্টার কাঁটা <input type="text"/> - এ মিনিটের কাঁটা <input type="text"/> - তে এখন সময় <input type="text"/> বা, <input type="text"/></p>

২। নীচের ছবি দেখে ফাঁকা ঘরগুলি পূরণ করো। দুটি করে দেওয়া হল।

<p>(ক)</p>  <p><input type="text" value="৫ টা ১০ মিনিট"/></p>	<p>(খ)</p>  <p><input type="text" value="৬ টা ৩৫ মিনিট"/></p>
<p>(গ)</p>  <p><input type="text"/></p>	<p>(ঘ)</p>  <p><input type="text"/></p>

সপ্তদশ পাঠ একক

দ্বিতীয় উপ-একক : সপ্তাহ, মাস, বছর ইত্যাদির ধারণা

প্রথম শ্রেণিতে তোমরা ৭ দিনে এক সপ্তাহ হয় শিখেছ এবং সপ্তাহের 'বার' গুলিও জেনেছ। এবার আমরা পক্ষ, মাস ও বছর সম্পর্কে জানব।

১৫ দিনে একপক্ষ ;

৩০ দিনে এক মাস ;

১২ মাসে এক বছর ;

৩৬৫ দিনে এক বছর

মাস বলতে আমরা সাধারণত ৩০ দিন বুঝি, যদিও বাস্তবে সব মাস ৩০ দিনে নয়। বাংলায় ১২ মাসের নামগুলি হল :

বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন,
কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র

ইংরেজিতে ১২ মাসের নামগুলি হল :

জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই,
আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ও ডিসেম্বর

বাংলা মাসের মতই ইংরেজিতে সব মাসের দিন সংখ্যা এক নয়। জানুয়ারি, মার্চ, মে, জুলাই, আগস্ট, অক্টোবর ও ডিসেম্বর - এই মাসগুলি ৩১ দিনের। এপ্রিল, জুন, সেপ্টেম্বর ও নভেম্বর - এই মাসগুলি ৩০ দিনের এবং ফেব্রুয়ারি, মাস সাধারণত ২৮ দিনের। 'লিপ-ইয়ার' হলে ফেব্রুয়ারি, মাস ২৯ দিনের। তোমরা 'লিপ-ইয়ার' সম্বন্ধে পরে জানবে।

অনুশীলনী

১। দিনে এক সপ্তাহ।

২। আগস্ট মাসের আগের মাসের নাম ।

৩। পৌষ মাসের পরের মাসের নাম ।

৪। দিনে একপক্ষ হয়।

৫। এক বৎসর দিনে হয়।

৬। নভেম্বর মাস দিনের হয়।

৭। মার্চ দিনের মাস।

৮। মাসে এক বৎসর হয়।

